কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

নার্সিংয়ে সার্টিফিকেট ও ডিপ্লোমা
প্রবেশিকা পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ৬

বর্ষ ৪২ সংখ্যা ৪৩ কলকাতা বুধবার, ২৫ মে ২০২২/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১০ জ্যৈষ্ঠ ১৪২৯ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

# দিল্লি পুলিশে ৮৩৫ হেড কনস্টেবল

হেড কনস্টেবল (মিনিস্টেরিয়াল) পদে ৮৩৫ জন তরুণ-তরুণীকে নেবে দিল্লি পুলিশ। 'হেড কনস্টেবল (মিনিস্টেরিয়াল) ইন দিল্লি পুলিশ এক্সামিনেশন, ২০২২'-এর মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। রাজ্যে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**শূন্যপদের বিন্যাস: পুরুষ:** ৫০৩টি (সাধারণ ২১৭, তফসিলি জাতি ৫৯, তফসিলি উপজাতি ৫৪, ও বি সি ১২৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫০)। **প্রাক্তন সমরকর্মী (পুরুষ):** ৫৬টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৬, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। **মহিলা:** ২৭৬টি (সাধারণ ১১৯, তফসিলি জাতি ৩২, তফসিলি উপজাতি ৩০, ও বি সি ৬৭, আর্থিক ভাবে অনগ্রসর ২৮)।

নিয়মানুসারে প্রতিবন্ধী প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ২৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কম্পিউটারের ব্যবহার জানা থাকা চাই।

**বয়স:** ১-১-২০২২ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তফসিলি ও দক্ষ খেলোয়াড়রা ৫, ও বি সিরা ৩ এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। এ ছাড়া বিধবা, বিবাহবিচ্ছিন্না এবং আইনত স্বামীবিচ্ছিন্না মহিলারা ফের বিবাহ না করে থাকলে নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** পুরুষদের ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৮ ও ৮২ সেমি হতে হবে। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা ১৫৭ সেমি। গোর্খা ও তফসিলি উপজাতি প্রার্থীরা সব ক্ষেত্রে এবং তফসিলি জাতি-মহিলা প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। **দৃষ্টিশক্তি:** চশমা-সহ বা চশমা-ছাড়া উভয় চোখে ৬/১২।

**বেতনক্রম:** ২৫,৫০০-৮১,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও দৈহিক মাপজোক যাচাই, টাইপিং টেস্ট এবং কম্পিউটার (ফর্ম্যাটিং) টেস্টের মাধ্যমে।

*এরপর তিনের পাতায়*

## আর্মি, নেভি ও এয়ারফোর্সে
# ৪০০ অফিসার

### শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক

ট্রেনিং দিয়ে আর্মি, নেভি ও এয়ারফোর্সে ৪০০ অফিসার নিয়োগ করা হবে। উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত তরুণ-তরুণীরা আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (২), ২০২২-এর মাধ্যমে। পরীক্ষা ৪ সেপ্টেম্বর। এই পরীক্ষার নোটিশ নম্বর: 10/2022-NDA-II.

**শূন্যপদের বিবরণ:** ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি: মোট ৩৭০টি (আর্মি ২০৮, নেভি ৪২, এয়ারফোর্স ১২০)। এয়ারফোর্সের ক্ষেত্রে নিয়োগ হবে ফ্লাইং (শূন্যপদ ৯২টি), গ্রাউন্ড ডিউটি-টেকনিক্যাল (শূন্যপদ ১৮টি) এবং গ্রাউন্ড ডিউটি-নন

*এরপর তিনের পাতায়*

## ভারত ইলেক্ট্রনিক্সে
### ট্রেনি ও প্রোজেক্ট ইঞ্জিনিয়ার

ট্রেনি ইঞ্জিনিয়ার-১ ও প্রোজেক্ট ইঞ্জিনিয়ার/অফিসার-১ পদে ৫৩ জনকে নেবে ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড। এটি কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। পাঁচকুলা ইউনিটে নিয়োগ করা হবে চুক্তিতে।

**শূন্যপদের বিবরণ: ট্রেনি ইঞ্জিনিয়ার-১:** ইঞ্জিনিয়ারিং শাখা অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রনিক্স: ২১টি, মেকানিক্যাল: ১৭টি। **প্রোজেক্ট ইঞ্জিনিয়ার/অফিসার-১:** ইঞ্জিনিয়ারিং শাখা অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রনিক্স: ১৫টি।

ট্রেনি ইঞ্জিনিয়ার-১ পদে ২ বছরের

*এরপর দুয়ের পাতায়*

## আর্মি নেভি এয়ারফোর্সে ৩৩৯ অফিসার
### কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস পরীক্ষা ৪ সেপ্টেম্বর

আর্মি, নেভি ও এয়ারফোর্সে অফিসার র‍্যাঙ্কে চাকরির জন্য ট্রেনিং দিয়ে ৩৩৯ জন তরুণ-তরুণীকে নেওয়া হবে। গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। মহিলারা কেবলমাত্র অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (নন-টেকনিক্যাল) কোর্সের জন্য আবেদন করতে পারবেন। প্রথমে ট্রেনিং। সফল হলে চাকরি। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের এক্সামিনেশন নোটিস নম্বর: 11/ 2022.CDS-II. তারিখ ১৮-৫-২০২২।

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (২), ২০২২-এর মাধ্যমে। পরীক্ষা ৪ সেপ্টেম্বর।

**শূন্যপদ:** দেরাদুনের ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে ১৫৫তম (ডি ই) কোর্সের জন্য ১০০টি। এর মধ্যে এন সি সি 'সি' সার্টিফিকেটধারীদের (আর্মি উইং) জন্য ১৩টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। এঝিমালার ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে এক্সিকিউটিভ (জেনারেল সার্ভিস)/হাইড্রো কোর্সের জন্য ২২টি। এর মধ্যে ৩টি শূন্যপদ এন সি সি 'সি' সার্টিফিকেটধারীদের (ন্যাভাল উইং) জন্য সংরক্ষিত থাকবে। হায়দরাবাদের এয়ারফোর্স অ্যাকাডেমিতে প্রি-ফ্লাইং ট্রেনিং কোর্সের জন্য ৩২টি। এর মধ্যে ৩টি শূন্যপদ এন সি সি 'সি' সার্টিফিকেটধারীদের (এয়ার উইং) জন্য সংরক্ষিত থাকবে। চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ছেলেদের ১১৮তম এস এস সি কোর্সের (এন টি) জন্য ১৬৯টি। চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে মহিলাদের ৩২তম এস এস সি (নন-টেকনিক্যাল) কোর্সের জন্য ১৬টি।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির ক্ষেত্রে কোর্স

*এরপর তিনের পাতায়*

## অ্যাটমিক এনার্জি এডুকেশন সোসাইটিতে
# ১৯৪ শিক্ষক-শিক্ষিকা ও লাইব্রেরিয়ান

পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেইন্ড টিচার, ট্রেইন্ড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার, প্রিপারেটরি টিচার এবং লাইব্রেরিয়ান পদে ১৯৪ জনকে নেবে অ্যাটমিক এনার্জি এডুকেশন সোসাইটি। এটি অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AEES/01/2022.

**শূন্যপদের বিবরণ: পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেইন্ড টিচার:** বিষয় অনুসারে শূন্যপদ: ম্যাথমেটিক্স ৪টি, কম্পিউটার সায়েন্স ৪টি, ইংরেজি ২টি, হিন্দি ১টি, ফিজিক্স ১টি, কেমিস্ট্রি ১টি, বায়োলজি ২টি।

বেতন: লেভেল ৮-এর সেল-১ অনুসারে।

**ট্রেইন্ড গ্র্যাজুয়েট টিচার:** বিষয় অনুসারে শূন্যপদ: ইংরেজি ১১টি, সোশ্যাল সায়েন্স ১৪টি, হিন্দি/সংস্কৃত ১০টি, ম্যাথমেটিক্স/ফিজিক্স ২১টি, কেমিস্ট্রি/বায়োলজি ৭টি, কম্পিউটার সায়েন্স ১০টি, ফিজিক্যাল এডুকেশন টিচার: পুরুষ ৯টি, মহিলা ৭টি।

**লাইব্রেরিয়ান:** ৮টি।

বেতন: লেভেল ৭-এর সেল-১ অনুসারে।

*এরপর আটের পাতায়*

# আর্বান গার্ডেনিং: পরিবেশ রক্ষা ও উপার্জন পাশাপাশি

**বাড়িতে এক টুকরো সবুজের উপস্থিতির জন্য কিংবা রাসায়নিক সার ও কীটনাশক-বিহীন তাজা ও স্বাস্থ্যকর শাকসবজি পেতে অনেকে বাড়ির ছাদে বা লাগোয়া চিলতে জমিতে ছোট পরিসরে চাষাবাদ করতে চান। প্রশিক্ষণ নিয়ে এই ধরনের বাগানের পরিকাঠামো তৈরি করা ও ফসল ফলানোর কাজ করতে পারেন পেশাদারিত্বের সঙ্গে। নিজের বাড়িতে বাগান থাকলে, নিজেরা খেয়ে উদ্বৃত্ত ফসল বাজারে বিক্রি করেও আয় করা যায়।**



**নিজস্ব প্রতিনিধি:** সবুজ প্রকৃতির পরশ পেতে কার না ভালো লাগে! শহরে অনেকেই বাড়ির ছাদে বা বাড়ি লাগোয়া জমিতে সবজি-বাগান বা ছোট ফুলের বাগান করতে চান। কিন্তু পর্যাপ্ত সময় না থাকায় বা পদ্ধতি না জানার জন্য করতে পারেন না। প্রশিক্ষিত কর্মীরা বাড়িতে এসে আর্বান গার্ডেনিং-এর পরিকাঠামো তৈরি করে দিতে পারেন এবং সময়ে সময়ে তা পর্যবেক্ষণ ও তদারকিও করেন। এই পেশাদার কর্মীরা আর্বান গার্ডেনিংয়ের কাজের মাধ্যমেই উপার্জনও করেন। গাছপালার প্রতি ভালোবাসা থাকলে, যে কেউ প্রশিক্ষণ নিয়ে এই কাজ করে আয় করতে পারেন। ভাবতে পারেন নিজস্ব নার্সারি তৈরির কথাও। উপার্জন ভালোই হবে, পাশাপাশি পরিবেশ রক্ষার কাজেও অবদান রাখবেন।

### প্রশিক্ষণ

আর্বান গার্ডেনিং-এর প্রশিক্ষণ দেয় ডেভেলপমেন্ট রিসার্চ কমিউনিকেশন অ্যান্ড সার্ভিস সেন্টারে (ডি আর সি এস সি)। দীর্ঘদিন করোনার জন্য প্রশিক্ষণ বন্ধ থাকার পর এই বছর ৭ মে থেকে ডিআরসিএসসি-তে ফের প্রশিক্ষণ শুরু হয়েছে। দ্বিতীয় ব্যাচ শুরু হবে ১ জুলাই থেকে। দ্বিতীয় ব্যাচে ভর্তি হওয়ার জন্য আবেদন করতে পারেন এখনই।

**শিক্ষাগত যোগ্যতা:** কোনও বাধানিষেধ নেই। কিন্তু লিখতে-পড়তে জানাটা জরুরি।

**কী পড়বেন:** কোর্সে শেখানো হয় জৈব সার তৈরি, নার্সারি তৈরি, বীজ, চারাগাছ ও কলম থেকে গাছ তৈরি, মাটির উর্বরতা বৃদ্ধি এবং ব্যবসার খুঁটিনাটি।

**কোর্সের মেয়াদ:** কোর্সের মেয়াদ এক মাস। তার মধ্যে ১৪ দিন ক্লাস হয়। প্রতিটি ক্লাসের সময়সীমা দেড় থেকে দু'ঘণ্টা। কোন দিন, কোন সময়ে ক্লাস হবে তা ঠিক করা হয় শিক্ষার্থীদের সুবিধা-অসুবিধা জেনে নিয়ে।

**প্রশিক্ষণের খরচ:** ১,৫০০ টাকা। হাতে-কলমে কাজ শেখার পাশাপাশি শিক্ষার্থীরা ইচ্ছা প্রকাশ করলে ফার্ম ভিজিটও করানো হয়। তবে সে বাবদ খরচ আলাদা।

প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট দেওয়া হয়।


প্রতি দু'মাস অন্তর নতুন ব্যাচ গঠন করে কোর্স করানো হয়। ভর্তির জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ৫৮-এ, ধর্মতলা রোড, বোসপুকুর, কসবা, কলকাতা-৭০০ ০৪২। মোবাইল নম্বর: ৯৪৩২০-১৩২৪৮। ওয়েবসাইট: www.drcsc.org

### কীভাবে উপার্জন

অনেকেই নিজের বাড়ির ছাদে বা লাগোয়া জমিতে সবজি-বাগান করতে চান। অর্থের বিনিময়ে ছাদ-বাগানের পরিকাঠামো গড়ে দেওয়া যায়। সেগুলির রক্ষণাবেক্ষণের কাজও করা যায়। অথবা নিজেই নার্সারি খোলা যায়।

*এরপর সাতের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন



# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**Exclusive Opportunity with** Financial Conglomerate of India. VRS/Retd only. 12 Lacs+/Yr Income Foreign trip with spouse. 74399-28920.

□

**Govt Affiliated MNC-র কলি মেন** ব্রাঞ্চে Govt Retd/VRS other-দের ম্যানেজার পদে নিয়োগ। আয় 40-50k P.M+ Age 30-64, HS+. N.C ROY: 90733-05096.

□

**নতুন ফিনান্সিয়াল বছরে সামান্য কাজের** বিনিময়ে উচ্চ আয়। GOVT RETD/ VRS (35-64/HS+)-দের পার্ট টাইম অফিশিয়াল পদে নিয়োগ চলছে। অমল-98316-74368.

□

**Retired/ VRS/ Govt/ PSU-দের** সম্মানের সঙ্গে কাজের সুযোগ Multinational Co-তে। Age 35-65, গ্র্যাজুয়েট। কলি অফিস। যোগাযোগ: 95939-47629/98317-42384.

□

**A leading Electronics Retail** chain requires Accountants, Sales Personnels, Personnels with full computer software and networking knowledge, Creative visualisers and persons with knowledge of handling CCTV. Candidates must be experienced and below 40 years in age. Please Mail resume with photograph to ho.raipurelectronics2 @gmail.com

□

**নৈহাটীতে জুয়েলারী শোরুমে Sales-**এর কাজ জানা অভিজ্ঞতা সম্পন্ন Male Salesman চাই। ইচ্ছুক ব্যক্তি অবিলম্বে যোগাযোগ করুন। 98304-88431/ 79802-06060.

□

**পেইন্টের দোকানে কাজ করার** অভিজ্ঞতা সম্পন্ন একজন সেলসম্যান দরকার এবং সেই সাথে ব্রাশ, রোলার ইত্যাদির মতো সব ধরনের পেইন্ট আনুষঙ্গিক সম্পর্কে জ্ঞান আছে। যোগাযোগ-98301-20952.

□

**কলকাতার একটি প্রখ্যাত স্কুলে** অবিলম্বে আয়া এবং ড্রাইভার দরকার। Biodata পাঠান। Email: apply.cfs@ gmail.com Sarkarpool, BBT Road, Kolkata-143 Phone-98315-19038.

□

**Reputed Co looking for Retd/** Housewife/Businessman for Managerial post Part/Full time PF+ESI@kol Office Call: Monalisa 98312-40646.

□

**(1) উকিল (2) Ofc. Asst** -cv vigmanav@yahoo.com (3) ব্যবসা / mktg. অভিজ্ঞ (4) O/D পিওন 85858-92443.

□

**Asst. teacher reqd. (primary** secondary). Eng. Medium background preferred. Pl. visit saltlakeschool.org/careers/for details. Apply as per given instructions.

□

**1) Sales Executive Salary 20K-**35K+Inc. Bike Must. Qualification 12th Pass. (2) Marketing Manager. Salary 25K-45K. 3-6 years Exp of Service Industries. Call 90517-33245 for interview. 7th Floor, 4 Govt Place, Kol-01.

□

**"কুক চাই"। কলকাতার বাইরে নিজস্ব** হোটেলের জন্য ভাল রান্না জানা বাঙালি কুক চাই। ভালো বেতন সহ বোনাস, থাকা, খাওয়া ফ্রি। M: 98300-38716.

□

### কর্মখালি

**Barasat Cancer Hospital wanted** Oncologists for ENT, Surgery, Orthopedic, Hematology and Gynaecology. M: 98300-42202/ 93337-69749/ cancerbarasat@ hotmail.com

□

**কলকাতার অফিসে Aditya Group-এ** Manager পদে উপযুক্ত পুরুষ/মহিলা বয়স: 21-58, Graduate নিয়োগ। Fixed 25K Salary+Medical+PF. Ph. 90642-69437.

□

**PNB MET LIFE requires male/** female office executives. Age 25-65 years. Salary 20000+PF+ medical. Contact: 94320-12632.

□

**বেলুড়ে ক্যাডবেরি ডিস্ট্রিবিউশান হাউসে** অভিজ্ঞ সেলসম্যান/ডেলিভারিম্যান/ ভ্যানম্যান প্রয়োজন। বয়স ৩৫ এর মধ্যে। Ph. No. 86973-16033.

□

**নামী Pvt Ltd. কোম্পানীতে ১) অভিজ্ঞ** Tally ERP, ইংরেজিতে দক্ষ মহিলা চাই। ২) প্রাইভেট car চালানোর জন্য অভিজ্ঞ ড্রাইভার চাই। Email-mewplit@gmail.com

□

**CA Firm Central Kolkata** required experienced Staff for Accounts, I-Tax, GST, TDS, NGO. M-98316-17734, pratapde.ca@ gmail.com

□

**Need hospital manager,** marketing, lab and OT technician, pharmacy assistant for Royd Nursing Home, call 98743-76945, navin222in15@gmail.com

□

**বারাসাত ক্যান্সার হাসপাতালে ১০ বছর** অভিজ্ঞ ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ, হেভি লাইসেন্সযুক্ত সম্পূর্ণ নেশাহীন ২ জন ড্রাইভার চাই। M: 98300-42202/ 93337-69749.

□

**কলিকাতা অফিসে সম্মানীয় পদে** সুবিধামত সময়ে কাজ করে উচ্চ আয়-বিদেশ ভ্রমনের সুযোগ। Retd/ব্যবসায়ী HS+ (40-65) প্রয়োজন। M: 91639-41729/76992-96820.

□

**বিখ্যাত MNC-র Kolkata-তে** Retired/VRS-(Govt/Pvt)/Housewife/ব্যবসায়ী HS+(40-65) চাই। ভালো আয় 40K-50K ও বিদেশ-ভ্রমণের সুযোগ Das-81700-80925.

□

**Book.Com এ বাড়ি বসে হাতে লিখে/** Comp টাইপ/ফর্ম ফিলাপ করে সপ্তাহে 6000 - মাসে 30000 আয় (আসা যাওয়ার প্রয়োজন নেই)। 89100-49312/85840-78118.

□

**ইন্টিরিয়ার/এক্সটিরিয়ার/গ্রাফিক্স/জুয়েলারী** ডিজাইন বা ফিল্ম এডিটিং/ফিল্ম কম্পোজিটিং/2D & 3D অ্যানিমেশন শিখে নিশ্চিত কাজের সুযোগ। 98305-06220.

□

**টেলিকম 4G কোং SMS/জব পুরুষ/** মহিলা ঘরে বসে রোজগার 18000-45000/- মাসে ল্যাপটপ+মোবাইল ফ্রি। নাম+ঠিকানা Call/WApp/SMS 98313-94641, 84204-40306.

□

**Required for Kolkata Exp (1)** Male tele caller cum back office (2) Marketing manager for milk co. Mail- thedoodhandfood@ gmail.com

□

**গারমেন্টস কোং দক্ষ সেলাই মেশিনের** কারিগর ও সেলসম্যান চাই। Ganapati Empire-1914 চকগড়িয়া কল-94 near Peerless Hospital 98360-81495/ 62907-66927.

□

### কর্মখালি

**Institute at S. Kolkata req IT** degree/diploma holder for office operation. Male residing at S. Kol only. Sal 12000-15000 pm. 84810-26050/62909-44992 expertp77@ gmail.com

□

**হাওড়ায় কারখানায় কাজ করার জন্য** লেদ মেশিনের কাজ জানা অভিজ্ঞ কর্মী চাই। থাকা ফ্রি, সত্বর যোগাযোগ করুন। M-94322-71547.

□

**Ma Tara Assay Centre** Bhawanipur, Kol-25 urgently required B.Sc (chemistry), Marketing Manager. Call: 98747-43333.

□

**Req Sales & Service Exec for** Medical Equipment. Experienced & Fresher- Pay- 12000 - 25000. Contact 81005-67988 r.k.surgical 1988@gmail. com

□

**ব্যাঙ্ক DSA-তে পঃ বঙ্গের 20টি জেলায়** চাকরি, যোগ্যতা ৮ম - স্নাতক বেতন 14600 - 72000. ছেলে/মেয়ে নিয়োগ চলছে। এক্স আর্মিদের সুবিধা। M: 80011-71371.

□

MOULDING GLOBAL CITIZENS

**MONTESSORI PRIME INTERNATIONAL SCHOOL**

**Wanted experienced teachers for** all subjects for our schools in Warangal & Hyderabad zones (Telangana). English fluency is must. Salary 20000/- to 40000/- with free boarding & lodging. Interview at Kolkata. Send your resumes: contact@montessori prime.in, nedumthundamjose8@ gmail.com, Phone: 93935-57701.

□

**Wanted 10 MBBS R.M.O,** Experience O.T. ICU Sister and Technician, Marketing and Front Office Manager, Full time Pathology Technician and Allopathic medicine retail counter salesman at Salkia, Howrah. (M) 62907-13490.

□

**LICI AGENCY as CCA in** Kolkata Chandni Office. Madhyamik passed 18+ having time & interest to meet people may contact-98300-73750.

□

**কলকাতা-সহ সারা ভারতে 24 ঘণ্টা** থেকে আয়া রান্না বাচ্চা/পেসেন্ট দেখা ও ঘরোয়া কাজে মেয়ে চাই। 9-60000/- থাকা+খাওয়া। 70591-66264/90515-22914.

□

**কলকাতায় সিথি-তে উজ্জ্বলা জেমস** হাউসে A/c কাজ (Tally) জানা অভিজ্ঞ Male/Female Accountant প্রয়োজন (salary 10-12K). 89676-14404.

□

**নিয়োগের বিজ্ঞপ্তি কন্ট্রাক্টরের অধীনে** এয়ারপোর্ট অফিসিয়াল পদে চেকিং ও যাত্রীদের খাবার প্যাকিং-এর জন্য কর্মী চাই। বেতন- 16784-29356+PF, ESI. M. 78908-06376.

□

**জরুরী ভিত্তিতে নিয়োগ কন্ট্রাক্টরের** অধীনে মিটার রিডিং বিলিং ও Asst. Engr পদে কর্মী চাই। বেতন 17256/- - 32854/- + PF ESI যোগাযোগ-78900-28140.

□

**বারুইপুরে two wheeler dealership-**এ সিনিয়র অ্যাকাউনটেন্ট পদে অভিজ্ঞ প্রার্থী চাই। বেতন-20k-25k. hr.24pgs @gmail.com 90511-21202.

□

### কর্মখালি

**RMO চাই। MBBS, RMO চাই।** (Retired person হবে) কল্যাণী-98753-39771 (সাক্ষাতে কথা হবে)।

□

**দক্ষিণ কলকাতার গড়িয়াহাটে নিজস্ব** অফিসে ব্যাক অফিসে (20-24) বছরের মধ্যে ফিমেল স্টাফ চাই। (গড়িয়াহাটের পার্শ্ববর্তী এলাকা অগ্রগন্য) 79808-08479.

□

**মেট্রো ও এয়ারপোর্টে আর্জেন্ট** কন্ট্রাক্টারের অধীনে 65 জন male/ female কর্মী চাই। চেকিং SV কাউন্টার, ইঞ্জিনিয়ার, ব্যাক অফিস পদে বেতন 17K-53K Ex আর্মিদের বিশেষ ছাড়। M. 87686-92993.

□

**Govt থেকে Retd/VRS-দের বিভিন্ন** পদের জন্য লোক নিয়োগ চলছে পার্টটাইম কাজ। মাসিক আয় 30K+ Others. বয়স 50-64, HS+. মানসি-87770-58651/98988-26992.

□

**Pvt ব্রিটানিয়া আমূল আশীর্বাদ** কোলগেট বিস্কফার্ম ইমামি DSA-তে ম্যানেজার TC/Peon রিশেপসনিস্ট স্টোরকিপার 35জন চাই। ESI PF OT বেতন 13k-40k. 89614-99989.

□

**MNC হিন্দুস্তান লিভার, অন্নপূর্ণা,** ডাবর, ব্রিটানিয়া কুরকুরে, থার্মকল, চিপস্ কোম্পানীতে 40 জন male/ female চাই। PF ESI OT বেতন 13k-45k. 70446-88993.

□

**Kutchina new office requires** Male/Female (expd./fresher) Sales Executive, Team Leaders. Contact 90381-41656/98302-50804/ 98303-26584.

□

**দিল্লি মুম্বাইতে বেবী কেয়ার ন্যানি** জাপা কুক এডুকেটেড গভর্নেস (14-90K) চাই Urgently Reqd US visa holders www.clickforananny.com 90077-12120.

□

### কর্মখালি

**Tech Data hiring data entry** operator min 25 WPM Salary UP TO 9 K+incentive. Call-033-4066-8149 or 4603-4257 or 4602-2508 Whatsapp: 98743-13790.

□

**Urgent requirement for** Marketing Executive in Diagnostic Centre (Dum Dum Nager Bazar) more than 5 years experience, Salary-15K to 35K. M-89103-38107, 79802-13165.

□

**কলকাতার জুয়েলারী সংস্থায় ১) বাংলা** কাজের সোনার কারিগর ও Diamond asorter প্রয়োজন। ২) ইভেন্ট ম্যানেজমেন্ট কাজের মহিলা প্রয়োজন (প্রয়োজনে বাইরে যেতে আগ্রহী প্রার্থীরা) সচিত্র বায়োডাটা ও বাঞ্ছনীয় বেতন উল্লেখ করে আবেদন করুন। careerand info@gmail.com, 90736-17913.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৮ মে দুপুর ২টো পর্যন্ত।

### কর্মখালি

**বারাসাতে**

**ঔষধ কোম্পানিতে চাকরি**

বারাসাতে অবস্থিত খ্যাতনামা ঔষধ কোম্পানিতে আকর্ষনীয় বেতনে অভিজ্ঞতা সম্পন্ন Chemist এবং Smart, Graduate ও experienced Sales Executives এবং Accountant আবশ্যক। বারাসাতে বসবাসকারী অগ্রগন্য। সত্বর CV পাঠান herbsndrugs@rediffmail.com অথবা যোগাযোগ করুন: 98309-66485, 75968-81248.

□

**Surgical House Looking** 'Experiance/Fresh, Hard warking. Result oriented, Sincere Male/ Female 'Medical Representative' Only for Hospitals and Nursing Home visit. (10.00 am to 6.00 pm) 'Qualification: H.S. Pass Contact No: 94330 12174, 94338 51505.

□

**সুনিশ্চিত চাকরির অফার একাধিক** শূন্যপদে ITI/Dip./B.Tech ও Non-tech পদে নিয়োগ। যোগ্যতা: H.S., Banerjee Associates, 36 G. C. Ave, Kol-13. 4600-4577, 98746-87259 (W/A).


## পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**

**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**


# আই আই টি বম্বেতে

## জুনিয়র ইঞ্জিনিয়ার, জুনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট

২৯ জন জুনিয়র ইঞ্জিনিয়ার ও জুনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট নেবে আই আই টি বম্বে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: RECT/ADMIN0005/2022.

**শূন্যপদের বিবরণ: জব রেফারেন্স নম্বর ৫০২৮৫৯৬০: জুনিয়র ইঞ্জিনিয়ার:** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। **জব রেফারেন্স নম্বর ৫০৩০৩৯৯৪: জুনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট:** ২২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **বেতনক্রম:** ২১,৭০০-৬৯,১০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iitb.ac.in দরখাস্তের শেষ তারিখ ৯ জুন।

বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# ভারত ইলেক্ট্রনিক্সে ট্রেনি ও প্রোজেক্ট ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

জন্য এবং প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদে ৩ বছরের জন্য নিয়োগ করা হবে। উভয় ক্ষেত্রেই চুক্তির মেয়াদ সর্বাধিক ১ বছর বাড়ানো হতে পারে।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে পাশ) নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্স শাখার ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা টেলিকমিউনিকেশন বা কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

এর পাশাপাশি ১-৫-২০২২ তারিখ অনুসারে সংশ্লিষ্ট কাজে প্রোজেক্ট ইঞ্জিনিয়ার/অফিসার-১ পদের ক্ষেত্রে ২ বছর এবং ট্রেনি ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১-৫-২০২২ তারিখে ট্রেনি ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ২৮ বছর এবং প্রোজেক্ট ইঞ্জিনিয়ার/অফিসার-১ পদের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

বেতন: প্রোজেক্ট ইঞ্জিনিয়ার/অফিসার-১ পদের ক্ষেত্রে প্রথম বছরে প্রতি মাসে ৪০,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ৪৫,০০০ টাকা ও তৃতীয় বছরে প্রতি মাসে ৫০,০০০ টাকা। ট্রেনি ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে প্রথম বছরে প্রতি মাসে ৩০,০০০ টাকা ও দ্বিতীয় বছরে প্রতি মাসে ৩৫,০০০ টাকা।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bel-india.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ১ জুন। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই, মাধ্যমিকের মার্কশিট, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি সার্টিফিকেট, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট আপলোড করতে হবে।

ফি বাবদ স্টেট ব্যাঙ্ক কালেক্টের মাধ্যমে দিতে হবে প্রোজেক্ট ইঞ্জিনিয়ার/অফিসার-১ পদের ক্ষেত্রে ৪৭২ টাকা এবং ট্রেনি ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ১৭৭ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় ভাবেই। অফলাইনে ফি দিতে চাইলে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। অনলাইনে ফি দিলে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আর্মি নেভি এয়ারফোর্সে ৩৩৯ অফিসার

*প্রথম পাতার পর*

শুরু হবে ২০২৩-এর জুলাই মাসে। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে কোর্স শুরু হবে ২০২৩-এর অক্টোবর মাসে।

পরীক্ষায় সফল হলে প্রাথমিক ট্রেনিং হবে এই সব প্রতিষ্ঠানে: (১) ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, দেরাদুন, (২) ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি, এঝিমালা, (৩) এয়ারফোর্স অ্যাকাডেমি, হায়দরাবাদ, (৪) অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি, চেন্নাই।

**এয়ারফোর্স অ্যাকাডেমিতে ভর্তির জন্য** শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট ডিগ্রি। ফিজিক্স ও অঙ্ক নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করে থাকা চাই। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। শুধুমাত্র তরুণরা আবেদন করবেন। ২৫ বছরের কমবয়সি প্রার্থীদের অবশ্যই অবিবাহিত হতে হবে। **বয়স:** ১-৭-২০২৩ তারিখে ২০ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ থাকতে হবে ২-৭-১৯৯৯ থেকে ১-৭-২০০৩-এর মধ্যে। কমার্শিয়াল পাইলট লাইসেন্সধারীদের ক্ষেত্রে ২৬ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ থাকতে হবে ২-৭-১৯৯৭ থেকে ১-৭-২০০৩-এর মধ্যে।

**ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি ও অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ভর্তির জন্য** শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমির জন্য কেবলমাত্র অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে শর্ট সার্ভিস কমিশন কোর্সটির জন্য অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন। শর্ট সার্ভিস কমিশন উইমেন (নন-টেকনিক্যাল) কোর্সটির জন্য অবিবাহিত মেয়েরা, বিধবা ও বিবাহবিচ্ছিন্নারা সন্তানহীনা হলে এবং আবার বিবাহ না করে থাকলে আবেদন করতে পারবেন। **বয়স:** ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমির ক্ষেত্রে জন্মতারিখ থাকতে হবে ২-৭-১৯৯৯ থেকে ১-৭-২০০৪-এর মধ্যে। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে জন্মতারিখ থাকতে হবে ২-৭-১৯৯৮ থেকে ১-৭-২০০৪-এর মধ্যে।

**ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে ভর্তির জন্য** শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। শুধুমাত্র অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন। **বয়স:** জন্মতারিখ থাকতে হবে ২-৭-১৯৯৯ থেকে ১-৭-২০০৪-এর মধ্যে।

**দৈহিক মাপজোক:** ছেলেদের ক্ষেত্রে: আর্মির জন্য উচ্চতা অন্তত ১৫৭.৫ সেমি, নেভির ক্ষেত্রে ১৫৭ সেমি ও এয়ারফোর্সের ক্ষেত্রে ১৬২.৫ সেমি। মহিলাদের ক্ষেত্রে: অন্তত ১৫২ সেমি। উভয় ক্ষেত্রেই গোর্খা ও পার্বত্য এলাকার প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। উচ্চতা ও বয়সের অনুপাতে ওজন থাকতে হবে। এছাড়া সুগঠিত ও অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা-সহ বুকের ছাতি থাকতে হবে (মহিলাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)। এয়ারফোর্সের ক্ষেত্রে পায়ের মাপ দরকার লম্বায় ৯৯-১২০ সেমি, থাই লম্বায় সর্বোচ্চ ৬৪ সেমি ও বসে থাকা অবস্থায় উচ্চতা ৮১.৫-৯৬ সেমি। আর্মি ও নেভির ক্ষেত্রে কোনও কড়াকড়ি নেই।

**দৃষ্টিশক্তি:** আর্মির ক্ষেত্রে ন্যূনতম দূরের ক্ষেত্রে চশমা ছাড়া ৬/৬, চশমা থাকলে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/১৮। মায়োপিয়া মাইনাস ৩.৫ ডি-র বেশি হলে চলবে না। রং চেনার ক্ষমতা সি পি-টু মানের হতে হবে। এয়ারফোর্সের ক্ষেত্রে ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। শুধুমাত্র হাইপারমেট্রোপিয়ার ক্ষেত্রে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। চশমা থাকলে আবেদন করা যাবে না। রং চেনার ক্ষমতা সি পি-ওয়ান মানের হতে হবে। নেভির ক্ষেত্রে চশমা ছাড়া দৃষ্টিশক্তি হতে হবে উভয় চোখে ৬/১২, চশমা-সহ ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। মায়োপিয়া মাইনাস ১.৫-এর বেশি হলে চলবে না। মেয়েদের ক্ষেত্রে দৃষ্টিশক্তি: ন্যূনতম দূরের ক্ষেত্রে চশমা ছাড়া ৬/৬, চশমা থাকলে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/১৮। মায়োপিয়া মাইনাস ৫.৫ ডি-র বেশি হলে চলবে না। সব ক্ষেত্রেই লাল ও সবুজ রং চেনার স্বাভাবিক ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি ও নিখুঁত শারীরিক ও মানসিক স্বাস্থ্য থাকা দরকার। কোনওরকম দৈহিক ত্রুটি এই কাজের প্রতিকূল।

**পরীক্ষাকেন্দ্র, পরীক্ষার সিলেবাস:** প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষা নেবে ইউ পি এস সি। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও শিলিগুড়ি।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির ক্ষেত্রে লিখিত পরীক্ষা হবে এই তিন বিষয়ে: ইংলিশ, জেনারেল নলেজ, এলিমেন্টারি ম্যাথমেটিক্স। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ভর্তির পরীক্ষা হবে শুধু ইংলিশ ও জেনারেল নলেজ বিষয়ে। সব ক্ষেত্রেই প্রতি পেপারে ১০০ নম্বর। সময় ২ ঘণ্টা করে। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকবে। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে থাকবে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি, ট্রিগোনোমেট্রি ও রাশি-বিজ্ঞানের ওপর মাধ্যমিক মানের প্রশ্ন। লিখিত পরীক্ষায় সফল হলে নেওয়া হবে ৩০০ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে ২০০) নম্বরের ইন্টেলিজেন্স অ্যান্ড পার্সোন্যালিটি টেস্ট। এটি দু'পর্যায়ে নেওয়া হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট ও পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজি টেস্ট ও কনফারেন্স। গোটা প্রক্রিয়া মোট ৪ দিন ধরে চলবে।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে মাসিক ৫৬,১০০ টাকা। সফল ট্রেনিং শেষে নিয়োগ হবে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে। তখন বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। চিফ অব দ্য আর্মি স্টাফ র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ৭ জুন পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই (জে পি জি ফর্ম্যাটে ২০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। অনলাইন ও অফলাইন, উভয় পদ্ধতিতেই ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। অফলাইনের ক্ষেত্রে ডাউনলোড করা পে-ইন স্লিপের মাধ্যমে নগদেও ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। পে-ইন স্লিপ ডাউনলোড করার পরের কাজের দিন ফি জমা দিতে হবে। পে-ইন স্লিপ ডাউনলোড করা যাবে ৬ জুন পর্যন্ত। মহিলা ও তফসিলি প্রার্থীদের ফি দিতে লাগবে না।

দরখাস্ত প্রত্যাহার করা যাবে ১৪ থেকে ২০ জুন পর্যন্ত।

বিশদ তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

# আর্মি, নেভি ও এয়ারফোর্সে ৪০০ অফিসার

*প্রথম পাতার পর*

টেকনিক্যাল (শূন্যপদ ১০টি) শাখায়। আর্মিতে ১০টি, নেভিতে ৩টি এবং এয়ারফোর্সে ৬টি শূন্যপদ মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। ন্যাভাল অ্যাকাডেমি: ৩০টি (পুরুষ)।

ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে আর্মি শাখার জন্য শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমির এয়ারফোর্স ও ন্যাভাল ব্রাঞ্চ এবং ন্যাভাল অ্যাকাডেমিতে ১০+২ ক্যাডেট এন্ট্রির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল। উভয় ক্ষেত্রেই যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন বা দিতে চলেছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

**জন্মতারিখ: সব ক্ষেত্রেই জন্মতারিখ থাকতে হবে ২-১-২০০৪ থেকে ১-১-২০০৭-এর মধ্যে।**

তিন বাহিনীর ক্ষেত্রেই নির্দিষ্ট দৈহিক মাপজোক ও দৃষ্টিশক্তি থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে এই দু'টি বিষয়ে: ম্যাথমেটিক্স, জেনারেল এবিলিটি টেস্ট। ম্যাথমেটিক্সে মোট নম্বর ৩০০। জেনারেল এবিলিটি টেস্ট অংশে নম্বর ৬০০। দু'টি বিষয়ের ক্ষেত্রেই সময়সীমা আড়াই ঘণ্টা করে। প্রশ্ন হবে অবজেক্টিভ ধরনের। ম্যাথমেটিক্সের অংশে থাকবে অ্যালজেব্রা, ম্যাট্রিক্স অ্যান্ড ডিটারমিন্যান্টস, ট্রিগোনোমেট্রি, অ্যানালিটিক্যাল জিওমেট্রি অব টু অ্যান্ড থ্রি ডায়মেনশনস, ডিফারেন্সিয়াল ক্যালকুলাস, ইন্টিগ্রাল ক্যালকুলাস অ্যান্ড ডিফারেন্সিয়াল ইক্যুয়েশনস, ভেক্টর অ্যালজেব্রা এবং স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোবাবিলিটি। জেনারেল এবিলিটি অংশের পার্ট 'এ'-তে ইংরেজি (২০০ নম্বর) ও পার্ট 'বি'-তে জেনারেল নলেজের (৪০০ নম্বর) প্রশ্ন থাকবে। জেনারেল নলেজ অংশে ফিজিক্স, কেমিস্ট্রি, জেনারেল সায়েন্স, হিস্ট্রি, ফ্রিডম মুভমেন্ট, জিওগ্রাফি ও কারেন্ট ইভেন্ট বিষয়ক প্রশ্ন হবে। সব ক্ষেত্রেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষা ৪ সেপ্টেম্বর। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও শিলিগুড়ি।

লিখিত পরীক্ষার পরে হবে ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্ট। দুই পর্বে পরীক্ষা হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট, পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজিক্যাল টেস্ট ও কনফারেন্স। প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হলে তবেই দ্বিতীয় পর্যায়ের পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে।

নির্বাচিত প্রার্থীদের প্রথমে ৩ বছরের ট্রেনিং দেওয়া হবে। প্রথম আড়াই বছরের ট্রেনিং সবার ক্ষেত্রে একই। সফলরা জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের বি এসসি বা বি এসসি (কম্পিউটার) বা বি টেক (এয়ারফোর্স এবং নেভির ক্ষেত্রে) বা বি এ ডিগ্রি পাবেন। এরপর উইং অনুসারে বিশেষ ট্রেনিং দেওয়া হবে যথাক্রমে আর্মির জন্য দেরাদুনের ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে, নেভির জন্য এঝিমালার ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে, এয়ারফোর্সের জন্য হায়দরাবাদের এয়ারফোর্স অ্যাকাডেমি এবং এয়ারফোর্স (গ্রাউন্ড ডিউটি-নন টেকনিক্যাল)-এর জন্য বেঙ্গালুরুর এয়ারফোর্স টেকনিক্যাল কলেজে। ১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিমের আওতায় প্রশিক্ষণপ্রাপ্তরা সফল ভাবে ট্রেনিং শেষে বি টেক ডিগ্রি পাবেন। ট্রেনিং শুরু হবে ২০২৩-এর জুলাইয়ে।

পেশাদারি ট্রেনিংয়ের সময় মাসে ৫৬,১০০ টাকা স্টাইপেন্ড পাওয়া যাবে। নিয়োগ হলে বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

কেবল অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ৭ জুন পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি এবং মোবাইল নম্বর থাকতে হবে। দু'টি পার্টে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইনে আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই (উভয়ই জেপিজি ফর্ম্যাটে ২০-৩০০ কেবি সাইজের মধ্যে) এবং বৈধ সচিত্র পরিচয়পত্র (পি ডি এফ ফর্ম্যাটে ২০-৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ ১০০ টাকা জমা দিতে হবে পে-ইন-স্লিপের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। পার্ট-টু রেজিস্ট্রেশনের সময় পে-ইন স্লিপের প্রিন্ট আউট নেবেন। পে-ইন-স্লিপের প্রিন্ট আউট নেওয়ার শেষ তারিখ ৬ জুন। পে-ইন স্লিপের প্রিন্ট আউট নেওয়ার পরের কাজের দিন ব্যাঙ্কে গিয়ে নগদে ফি জমা দেবেন। এছাড়া অনলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার নেট ব্যাঙ্কিং পরিষেবার মাধ্যমে অথবা ইউ পি আই বা ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ডের মাধ্যমেও ফি দেওয়া যাবে। অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৭ জুন। অনলাইনে ফি জমা দিলে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। মহিলা, তফসিলি, কর্মরত সৈনিক, প্রাক্তন জুনিয়র কমিশন্ড অফিসার, নন-কমিশন্ড অফিসার এবং আর্মির অন্যান্য র‍্যাঙ্কের কর্মী এবং নেভি ও এয়ারফোর্সের সমতুল র‍্যাঙ্কের কর্মীদের সৈনিক স্কুলে পাঠরত ছেলেদেরও ফি লাগবে না।

**অনলাইনে দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।**

দৈহিক মাপজোক, দৃষ্টিশক্তি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইটগুলি: http://www.upsc.gov.in, www.joinindianarmy.nic.in, www.joinindiannavy.gov.in, www.careerindianairforce.cdac.in

# দিল্লি পুলিশে ৮৩৫

*প্রথম পাতার পর*

কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা নেওয়া হবে সেপ্টেম্বরে। পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস (২০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (২০ নম্বর), জেনারেল ইন্টেলিজেন্স (২৫ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর) এবং কম্পিউটার-বিষয়ক (১০ নম্বর) প্রশ্ন। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময় দেড় ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। এ রাজ্যের পরীক্ষাকেন্দ্রগুলি হল: (ব্র্যাকেটে সেন্টার কোড): কলকাতা (৪৪১০), আসানসোল (৪৪১৭), বর্ধমান (৪৪০৪), দুর্গাপুর (৪৪২৬), কল্যাণী (৪৪১৯) এবং শিলিগুড়ি (৪৪১৫)। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে দৌড় (পুরুষদের ক্ষেত্রে ৭ মিনিটে ১,৬০০ মিটার ও মহিলাদের ক্ষেত্রে ৫ মিনিটে ৮০০ মিটার), লং জাম্প (পুরুষদের ক্ষেত্রে ১২.৬ ফুট ও মহিলাদের ক্ষেত্রে ৯ ফুট) ও হাই জাম্প (পুরুষদের ক্ষেত্রে ৩.৬ ফুট ও মহিলাদের ক্ষেত্রে ৩ ফুট)। বয়স অনুসারে দৌড়ের সময়সীমা ও জাম্পের দৈর্ঘ্য নির্ধারিত হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৬ জুন। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন ফটো (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। মনে রাখবেন, ১৭-৫-২০২২ তারিখ অনুসারে তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না। দরখাস্তের সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি টুকে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না। অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ত্রো/রুপে ক্রেডিট বা ডেবিট কার্ড বা ভীম ইউ পি আই অ্যাপের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। অফলাইনে এস বি আই চালানের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়া যাবে অনলাইনের ক্ষেত্রে ১৭ জুন এবং অফলাইনের ক্ষেত্রে ২০ জুন পর্যন্ত। অফলাইনের ক্ষেত্রে ১৮ জুনের মধ্যে চালানের প্রিন্ট আউট নেবেন।

অনলাইনে যথাযথ ভাবে দরখাস্ত সাবমিট করে পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বিজ্ঞান সাংবাদিকতার কোর্স

বিজ্ঞান-সাংবাদিকতার কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান সায়েন্স নিউজ অ্যাসোসিয়েশন। ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ দ্বারা গঠিত স্বশাসিত সংস্থা 'বিজ্ঞান প্রসারে'র সঙ্গে যৌথ উদ্যোগে কোর্সটি পড়ানো হবে।

কোর্সটির নাম 'সায়েন্স কমিউনিকেশন অ্যান্ড মিডিয়া প্র্যাক্টিস'। এটি সান্ধ্য কোর্স। যে-কোনও বিষয়ে স্নাতকরা আবেদন করতে পারেন। বয়সের কোনও বাধানিষেধ নেই। কোর্সের মেয়াদ তিন মাস। কোর্স ফি: ২,৫০০ টাকা। কোর্স শুরু হবে জুন মাসে, চলবে সেপ্টেম্বর পর্যন্ত।

এখনই ভর্তির জন্য আবেদন করা যাচ্ছে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩১ মে। আগ্রহীরা যোগাযোগ করুন এই ঠিকানায়: ইন্ডিয়ান সায়েন্স নিউজ অ্যাসোসিয়েশন, রাসবিহারী শিক্ষা প্রাঙ্গণ (রাজাবাজার সায়েন্স কলেজ), ৯২, আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলকাতা-৯। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ২৩৫০-২২২৪। ওয়েবসাইট: www.scienceandculture. isna.org

## ফল বেরোল

**শর্ট সার্ভিস কমিশন কর্তৃক গত বছরের ২৬ সেপ্টেম্বরে আয়োজিত 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল) এক্সামিনেশন, ২০২০'-র চূড়ান্ত ফল প্রকাশিত** হয়েছে এই ওয়েবসাইটে: www.ssc.nic.in

□

**ন্যাশনাল টেস্টিং এজেন্সি কর্তৃক** গত ৯ এপ্রিলে আয়োজিত 'গ্র্যাজুয়েট ফার্মাসি অ্যাপ্টিটিউড টেস্ট' (জিপ্যাট)-এর ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: https://gpat.nta.nic.in প্রার্থীর অ্যাপ্লিকেশন নম্বর এবং জন্মতারিখের সাহায্যে ফল দেখা যাবে।

শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট, কোলকাতা
Syama Prasad Mookerjee Port, Kolkata
(Formerly KOLKATA PORT TRUST)

**Syama Prasad Mookerjee Port, Kolkata intends to engage 1(one) Superintendent Boat Registration on contractual basis under Marine Department. Last date of receipt of application is 30.05.2022. For further details, regarding eligibility and other conditions, please visit SMP, Kolkata's Website: www.smportkolkata.shipping.gov.in**

বিজ্ঞাপন

**মাধ্যমিক, উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য বিশেষ সুযোগ**

**স্বল্প ব্যয়ে সরকারি যোজনায় স্বাস্থ্য পরিষেবায় চাকরিমুখী ট্রেনিং**

কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন অনুমোদিত স্বাস্থ্য পরিষেবা বা প্যারামেডিক্সের বিশেষ চাকরিমুখী কোর্সের ট্রেনিং দিচ্ছে এক্সেল মেডিস্কিল হেল্‌থ কেয়ার ইনস্টিটিউট। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য: **(১) এমার্জেন্সি মেডিক্যাল টেকনিশিয়ান, (২) বেসিক হেল্‌থ কেয়ার, (৩) ই.সি.জি টেকনিশিয়ান, (৪) ফিজিক্যাল রিহ্যাবিলিটেশন with Yoga, (৫) মেডিক্যাল ইকুইপমেন্ট টেকনিশিয়ান with Xray, (৬) ANM নার্সিং কোর্স (৭) জেনারেল ডিউটি অ্যাসিসটেন্ট (GDA)।**

আজ থেকে আবেদনপত্র দেওয়া ও কাউন্সেলিং শুরু হয়েছে। বয়স হতে হবে ১৮-৪৫ বছরের মধ্যে। আধার কার্ড থাকা বাধ্যতামূলক। বিস্তারিত জানতে ফোন করুন

কলকাতা ও জেলার সেন্টারগুলিতে। **সোদপুর : 9073943491/9073943497, মৌলালী : 9874747039/9830008223, বাঘাযতীন: 9874644112, হাওড়া: 9051013504, ব্যারাকপুর: 9874644116, বনগাঁও : 9874673000, কোন্নগর: 7603095066, দুর্গাপুর: 9874747031, রায়গঞ্জ: 9874644113, পশ্চিম মেদিনীপুর: 9073915861, মালদা : 9051013501, বালুরঘাট: 9874747032, শিলিগুড়ি: 9051013502, জলপাইগুড়ি : 9874644115, কোচবিহার : 9874644114। কোর্স শেষে কাজের সহায়তা করা হবে। আসন সংখ্যা সীমিত। কোর্স ফি সকলের সাধ্যের মধ্যে। Asst. Nursing/GDA কোর্সের আবেদনপত্র পাওয়া যাচ্ছে। বিস্তারিত জানার জন্য এখুনি ফোন করুন।**


Advt

# কারেন্ট অ্যাফেয়ার্স

১ মে-৬ মে

**১ মে** জিএসটি আদায়ে নতুন নজির গড়ল এপ্রিল মাস। এমনিতে গত অর্থবর্ষের পুরোটাই ভালো অঙ্কের জিএসটি আদায় করেছে কেন্দ্র। সেই ধারা বজায় রইল নতুন অর্থবর্ষের প্রথম মাসেও। সরকারি পরিসংখ্যানে জানানো হয়েছে, এপ্রিলে প্রায় ১.৬৮ লক্ষ কোটি টাকা পরোক্ষ কর এসেছে রাজকোষে। যা গতবছরের এই সময়ের থেকে বেশি তো বটেই, এমনকি ২০১৭ সালের জুলাইয়ে এই পরোক্ষ কর ব্যবস্থা চালুর পরেও রেকর্ড।

## জার্মানি দিয়ে ত্রিদেশীয় ইউরোপ সফর শুরু মোদীর



২ মে: রাশিয়া-ইউক্রেন সংঘাত নিয়ে জার্মানির মাটিতে দাঁড়িয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বললেন, 'ইউক্রেন সংঘাতে কেউই বিজয়ী হবে না। তাতে সকলেরই ক্ষতি। আমরা শান্তির পক্ষে। যুদ্ধ বন্ধের আবেদন জানাচ্ছি।' ইউরোপে মোদীর তিন দেশীয় (জার্মানি, ডেনমার্ক ও ফ্রান্স) সফরের সূচনা হয় এদিন। জার্মানির চ্যান্সেলর ওলাফ শোলৎজ-এর সঙ্গে বৈঠক করেন মোদী। দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়নের পাশাপাশি আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়েও আলোচনা হয় দুই রাষ্ট্রনেতার। ভারত ও জার্মানির যে যৌথ বিবৃতি এদিন প্রকাশিত হয়েছে তাতে ইউক্রেন প্রসঙ্গ থাকলেও সরাসরি রাশিয়ার নিন্দা করেনি ভারত। সেইসঙ্গে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে বার্লিনের সঙ্গে নয়াদিল্লির সহযোগিতার কথা বলা হয়েছে।



"সম্মানজনক ভাবে জীবনধারণের জন্য মূল্যবৃদ্ধির হারের সঙ্গে সামঞ্জস্য রেখে মহার্ঘ ভাতা দেওয়া হয়। সম্মানজনক ভাবে জীবনধারণ যেহেতু মৌলিক অধিকারের মধ্যে পড়ে, তাই সেই বিচারে মহার্ঘ ভাতাও আইনি অধিকার থেকে মৌলিক অধিকারে উত্তীর্ণ হতে পারে।"

**বিচারপতি রবীন্দ্রনাথ সামন্ত**, কলকাতা হাইকোর্ট
মহার্ঘ ভাতা (ডিএ) মামলার রায় দিতে গিয়ে

## মোদী-মাকরঁ বৈঠক প্যারিসে



৪ মে: ইউরোপের কূটনীতির সনাতন রেওয়াজ ভেঙে ফ্রান্সের নবনির্বাচিত প্রেসিডেন্ট হিসেবে ইমানুয়েল মাকরঁ তাঁর প্রথম কূটনৈতিক বৈঠকটি করলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে। দীর্ঘদিনের রেওয়াজ হল ফ্রান্সের নবনির্বাচিত প্রেসিডেন্ট প্রথম আন্তর্জাতিক বৈঠকটি করেন প্রতিবেশী জার্মানিতে। উদ্দেশ্য ফ্রান্স-জার্মানি জোটকে পোক্ত করা। এদিন দুই রাষ্ট্রপ্রধানের বৈঠকের পরে কূটনৈতিক সূত্রে জানানো হয়েছে বৈঠকে মোদী-মাকরঁ সহমত প্রকাশ করেছেন যে, ইউক্রেনে দ্রুত যুদ্ধবিরতি ঘোষণা করে আলোচনা এবং কূটনীতির পথে ফেরা উচিত। রাশিয়া নিয়ে ভারতের সঙ্গে মতপার্থক্য থাকলেও কৌশলগত এবং বাণিজ্যিক ক্ষেত্রে ভারতের সঙ্গে সহযোগিতা আরও বাড়ানোর বার্তা দিয়েছেন মাকরঁ।

## সু চি-র আবেদন খারিজ জুন্টা আদালতে



৪ মে: দুর্নীতির অভিযোগে মায়ানমারের গণতান্ত্রিক আন্দোলনের নেত্রী আউং সান সু চি-কে পাঁচ বছরের কারাদণ্ড দিয়েছে সে দেশের জুন্টা সরকার। আদালতে সেই রায়ের বিরুদ্ধে আবেদন করেছিলেন ৭৬ বছর বয়সি নোবেলজয়ী নেত্রী। কিন্তু কোনও পক্ষের মতামত না শুনেই এদিন সেই আবেদন খারিজ করে দিল আদালত। গৃহবন্দি প্রাক্তন প্রধানমন্ত্রীর বিরুদ্ধে ১১টি দুর্নীতির অভিযোগ এনেছে জুন্টা সরকার। সব ক'টিতে দোষী প্রমাণিত হলে তাঁর ১৯০ বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে বলে খবরে প্রকাশ।

## মার্কিন যুক্তরাষ্ট্রে প্রথম কৃষ্ণাঙ্গ প্রেস সচিব



৬ মে: মার্কিন যুক্তরাষ্ট্রে প্রথম কৃষ্ণাঙ্গ প্রেস সচিব হিসেবে কারিন জঁ পিয়ের-এর নাম ঘোষণা করলেন প্রেসিডেন্ট জো বাইডেন। কারিন হোয়াইট হাউসের প্রিন্সিপাল ডেপুটি প্রেস সচিবের দায়িত্বে ছিলেন। প্রেস সচিব হিসেবে ১৩ মে তিনি জেন সাকির স্থলাভিষিক্ত হলেন। শুধুমাত্র প্রথম কৃষ্ণাঙ্গ মহিলা প্রেস সচিব হিসেবেই নয়, এলজিবিটিকিউ সম্প্রদায়ের প্রতিনিধি হিসেবেও ওই পদে আসার ক্ষেত্রে নয়া নজির গড়লেন কারিন।

**মার্কিন গুপ্তচর সংস্থা সিআইএ-র প্রথম** মুখ্য প্রযুক্তি আধিকারিক (সিটিও) হলেন ভারতীয় বংশোদ্ভূত নন্দ মূলচন্দানি। সিআইএ-র অধিকর্তা উইলিয়াম জে বার্নস এদিন একথা ঘোষণা করেছেন। ২৫ বছরের বেশি সময় ধরে তথ্যপ্রযুক্তি শিল্প ও প্রতিরক্ষা দপ্তরে কাজ করে চলেছেন মূলচন্দানি।

**কেরলে সিপিএমের যুব সংগঠন** ডিওয়াইএফআইয়ের রাজ্য কমিটিতে জায়গা পেলেন রূপান্তরকামী লায়া মারিয়া জয়সন। সংগঠনে এই প্রথম নেতৃত্বস্থানীয় কোনও কমিটিতে লায়াই প্রথম রূপান্তরকামী হিসেবে নজির গড়লেন। কেরলের পাতানামতিট্টায় ৩০ এপ্রিল শেষ হয়েছে ডিওয়াইএফআইয়ের রাজ্য সম্মেলন। সংগঠনের নতুন রাজ্য সভাপতি হয়েছেন ভি বাসিফ। কয়েক মাস আগে রাজ্য সম্পাদকের দায়িত্ব পাওয়া ভি কে মনোজকে ওই পদেই রেখে দেওয়া হয়েছে।

**২ মে** এখন থেকে কাউকে করোনার টিকা নিতে বাধ্য করানো যাবে না বলে রায় দিল সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালত আরও জানিয়েছে, বর্তমান টিকাকরণ নীতিকে অযৌক্তিক বলা যায় না ঠিকই। তবে টিকা না-নেওয়ার ফলে জনগণকে যে সব বিধিনিষেধের মুখোমুখি হতে হয় তাও ঠিক নয় বলে শীর্ষ আদালত মনে করছে। কেন্দ্রের তরফে টিকা বাধ্যতামূলক করার পর এই নির্দেশের বিরোধিতা করে শীর্ষ আদালতে একটি মামলা দায়ের করা হয়। সেই মামলার শুনানিতেই শীর্ষ আদালত এই রায় শুনিয়েছে।

**প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নতুন উপদেষ্টা** হিসেবে নিযুক্ত হলেন কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রকের প্রাক্তন সচিব তরুণ কাপুর। আগামী দু'বছর ওই পদে থাকবেন তিনি। ১৯৮৭ ব্যাচের হিমাচলপ্রদেশ ক্যাডারের আইএএস তরুণকে প্রধানমন্ত্রীর উপদেষ্টা পদে নিয়োগের অনুমোদন দিয়েছে মন্ত্রিপরিষদের নিয়োগ কমিটি। গতবছর ৩০ নভেম্বর পেট্রোলিয়াম সচিবের পদ থেকে অবসর নিয়েছিলেন তিনি।

**৩ মে** সংবাদ মাধ্যম ও সাংবাদিকের স্বাধীনতা সংক্রান্ত আন্তর্জাতিক সূচকে মান পড়ল ভারতের। এদিন প্রকাশিত, 'রিপোর্টার্স উইদাউট বর্ডার্স'-এর সূচকে ভারতের স্থান ১৫০। গতবছরের সূচকে ভারত ছিল ১৪২তম স্থানে। নরেন্দ্র মোদী জমানায় সংবাদমাধ্যম ও সাংবাদিকদের বেশি হেনস্থা করা হচ্ছে বলে দাবি করা হয়েছে রিপোর্টে।

## ইউক্রেনে শরণার্থীদের পাশে জোলি



২ মে: যুদ্ধ কবলিত ইউক্রেন ঘুরে দেখলেন হলিউড অভিনেত্রী তথা রাষ্ট্রপুঞ্জের শরণার্থী বিষয়ক দপ্তরের (ইউএনএইচসিআর) বিশেষ দূত অ্যাঞ্জেলিনা জোলি। দু'মাস পেরনো যুদ্ধে গৃহহীন হয়েছেন বহু মানুষ। লক্ষ লক্ষ মানুষ দেশ ছেড়েছেন। ইউক্রেনের পশ্চিমাঞ্চলের লিভিউ শহরে শরণার্থীদের সঙ্গে দেখা করেন জোলি। তারকা অভিনেত্রী বলেন, রুশ আগ্রাসনের মুখে পড়ে এক কোটি ২০ লাখের বেশি ইউক্রেনীয় ঘর-বাড়ি ছেড়েছেন। যা যুদ্ধ শুরুর আগে ইউক্রেনের জনসংখ্যার ৩০ শতাংশ।

**প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইউরোপ সফরের দ্বিতীয় গন্তব্য** ডেনমার্ক পৌঁছেও অবিলম্বে ইউক্রেনে সংঘর্ষ বিরতির ডাক দিলেন। তবে ডেনমার্কের প্রধানমন্ত্রী মেটে ফ্রেডেরিকসেন ভারতের উপর কিছুটা চাপ তৈরি করে বলেছেন যুদ্ধ বন্ধ করার জন্য রাশিয়াকে প্রভাবিত করা উচিত ভারতের। উল্লেখ্য, কুড়ি বছর পরে কোনও ভারতীয় প্রধানমন্ত্রী ডেনমার্ক সফরে গেলেন। পুরুলিয়া অস্ত্রবর্ষণ মামলায় মূল অভিযুক্ত সে দেশের কিম ডেভিকে ভারতে প্রত্যর্পণের বিষয়টি নিয়ে দীর্ঘ টালবাহানায় দু-দেশের সম্পর্কে কিছুটা প্রভাব পড়েছিল। তবে গত দু-বছরে সম্পর্কে অনেকটাই উন্নতি হয়েছে বলে সরকারি সূত্রে খবর। গতবছর ভারতেও এসেছিলেন ড্যানিশ প্রধানমন্ত্রী।

**৪ মে** আফগানিস্তানে মার্কিন সেনার রেখে যাওয়া রাইফেল ও বুলেটের উপস্থিতির প্রমাণ পাওয়া গেল কাশ্মীরে। সম্প্রতি কাশ্মীরে জঙ্গিদের ছোড়া বুলেট খতিয়ে দেখে ভারতীয় সেনাবাহিনী জানতে পারে সেগুলি স্টিল কোর বুলেট যা আফগানিস্তানে ব্যবহার করত মার্কিন সেনা। কাশ্মীরে ভারতীয় সেনা যে লেভেল-থ্রি বুলেটপ্রুফ জ্যাকেট পরে থাকে তা ভেদ করতে সক্ষম এই বুলেট। বিষয়টি সামনে আসার পরই কাশ্মীরে মোতায়েন সেনাদের জন্য লেভেল-ফোর জ্যাকেট ব্যবহারের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**৫ মে** স্বচ্ছ ভারত মিশন যোজনার কারণে ভারতে স্বচ্ছতার প্রশ্নে সচেতনতা বেড়েছে বলে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক এক রিপোর্টে দাবি করল। পঞ্চম জাতীয় পরিবার সমীক্ষা রিপোর্ট (২০২০-২১) অনুযায়ী শৌচালয় ব্যবহারের প্রবণতা পৌঁছেছে ৭০ শতাংশে। চতুর্থ রিপোর্টে এটি ছিল ৪৯ শতাংশ। সাবান দিয়ে হাত ধোওয়ার প্রবণতাও বেড়েছে (৬০% থেকে ৭৮%)। পরিবার সমীক্ষার পঞ্চম রিপোর্ট অনুযায়ী ১২ থেকে ২৩ মাসের মধ্যে শিশুদের টিকাকরণও ৬২% থেকে বেড়ে জাতীয় গড় হয়েছে ৭৭%। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে তা হয়েছে ৮৮%।

**কোভিড অতিমারিতে সারা বিশ্বে** কমপক্ষে দেড় কোটি মানুষ প্রাণ হারিয়েছেন বলে দাবি করল হু, যা বর্তমান পরিসংখ্যানের প্রায় দ্বিগুণ। মূলত গাণিতিক মডেলের সাহায্যে করা এই সমীক্ষায় বিশেষজ্ঞরা দাবি করেছেন, 'দু'বছরের নিরিখে এই মৃত্যুর হার স্বাভাবিকের থেকে ১৩ শতাংশ বেশি। হু আরও দাবি করেছে যে, বহু দেশই মৃত্যুর আসল পরিসংখ্যান প্রকাশ করেনি। এইসব দেশের মধ্যে ভারতের নামও উল্লেখ করেছে তারা। যদিও হু-র এই দাবির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে ভারত।

**আসামের মামলার পর আবার গুজরাটে** একটি পুরনো মামলায় তিন মাসের কারাদণ্ড হল সে রাজ্যের নির্দল বিধায়ক জিগ্নেশ মেবাণীর। ২০১৭ সালে বিনা অনুমতিতে একটি পথসভা করার দায়ে তাঁকে এই সাজা দিয়েছে মেহসানার ম্যাজিস্ট্রেট কোর্ট। মোট ৯ জনকে এই সাজা দেওয়া হয়েছে যার মধ্যে গুজরাটের এনসিপি নেতা রেশমা পটেলও রয়েছেন। এর আগে প্রধানমন্ত্রীকে উদ্দেশ করে টুইট করার জন্য আসাম পুলিশ গুজরাট থেকে তুলে নিয়ে গিয়েছিল জিগ্নেশকে। এখন তিনি সেই মামলায় জামিনে মুক্ত রয়েছেন।

**সিআইডি-র শীর্ষপদ থেকে জ্ঞানবন্ত সিং**-কে সরিয়ে দিল রাজ্য সরকার। রাজ্যের গোয়েন্দা বিভাগ সিআইডি-তে জ্ঞানবন্তের জায়গায় আর রাজশেখরণকে নিয়ে আসার কথা জানানো হয়েছে। রাজ্যে আইনশৃঙ্খলার পরিস্থিতি নিয়ে গোয়েন্দা বিভাগের তথ্য সংগ্রহ ও তৎপরতা নিয়ে ইদানীং বেশ কিছু প্রশ্ন উঠেছিল। তার পরেই এই রদবদল খুবই তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন প্রশাসনিক পর্যবেক্ষকদের অনেকে। এডিজি (সিআইডি) ছাড়াও অতিরিক্ত দায়িত্ব হিসেবে জ্ঞানবন্তের কাছে ছিল অতিরিক্ত ডিরেক্টর সিকিয়োরিটি এবং স্পেশাল টাস্ক ফোর্সের বা এসটিএফের দায়িত্ব। নতুন বদলি নির্দেশিকায় জ্ঞানবন্তকে এখন রাখা হয়েছে শুধু এডিজি (এসটিএফ)-এর পদে।

**৬ মে** শ্রীলঙ্কায় চরম আর্থিক সঙ্কট এবং দেশজুড়ে পড়ুয়া ও শ্রমিক সংগঠনগুলির বিক্ষোভে বেসামাল হয়ে গোটা দেশে জরুরি অবস্থা জারি করলেন সে দেশের প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপক্ষে। সরকারের পদত্যাগের দাবিতে উত্তাল দ্বীপরাষ্ট্রে বিক্ষোভকারী পড়ুয়ারা দেশের পার্লামেন্টে ঢোকার চেষ্টা করলে পুলিশ তাদের উপর কাঁদানে গ্যাস ও জলকামান বর্ষণ করে। রাজনৈতিক পর্যবেক্ষক মহলের ধারণা পরিস্থিতি ক্রমশ হাতের বাইরে চলে যাচ্ছে বুঝেই শেষ পর্যন্ত জরুরি অবস্থা জারি করলেন প্রেসিডেন্ট।

**দেশে প্রথমবার হাজার টাকা ছাড়াল** সাধারণ মানুষের রান্নার গ্যাসের সিলিন্ডার। কলকাতায় একটি সিলিন্ডারের দাম দাঁড়াল ১,০২৬ টাকা। হোটেল-রেস্তোরাঁয় ব্যবহারের বাণিজ্যিক সিলিন্ডারের (১৯ কেজি) দাম অবশ্য এই দফায় ৯.৫০ টাকা কমে কলকাতায় ২৪৪৫ টাকা হয়েছে। মাসের প্রথমে সেটির দাম অবশ্য ১০০ টাকারও বেশি বেড়েছিল।

**সংক্ষিপ্ত পশ্চিমবঙ্গ সফরে এসে বঙ্গ** বিজেপির নেতাদের ৩৫৬ ধারা জারির দাবি উড়িয়ে দিয়ে রাজ্য সংগঠনকে শক্তিশালী করার কথা বলে গেলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। সেইসঙ্গে সংগঠনের অভ্যন্তরে সমন্বয় বাড়ানোর পরামর্শও দিয়েছেন তিনি।

**জলবায়ুর পরিবর্তন মোকাবিলা সংক্রান্ত** গবেষণা চালাতে এক বিশেষ পদক্ষেপ নেওয়ার ঘোষণা করল আমেরিকার স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়। সেখানে গড়ে তোলা হচ্ছে এক বিশেষ গবেষণা প্রতিষ্ঠান— ডোয়ের স্কুল অব সাস্টেনেবিলিটি। যার শীর্ষপদে থাকছেন বাঙালি বিজ্ঞানী অরুণ মজুমদার। কর্তৃপক্ষের তরফে ভারতীয় বংশোদ্ভূত আমেরিকান অধ্যাপককে স্ট্যানফোর্ডের অন্তর্গত ওই প্রতিষ্ঠানের ডিন পদে আনার কথা ঘোষণা করা হয়েছে। বর্তমানে তিনি আমেরিকার শক্তি সচিবের উপদেষ্টা দলেরও সদস্য। আগামী ১৫ জুন থেকে নতুন দায়িত্বভার গ্রহণ করবেন অরুণ।

## খাদ্য সঙ্কট নিয়ে বিশ্বকে সতর্ক করল রাষ্ট্রপুঞ্জ



৫ মে: ২০২১ সালে সারা বিশ্বে প্রতিদিন পরিমাণ মতো খাদ্য না পাওয়া বা অভুক্ত মানুষের সংখ্যা রেকর্ড হারে বেড়েছে বলে হুঁশিয়ারি দিল রাষ্ট্রপুঞ্জ। তাদের আরও সতর্কবার্তা চলতি ও আগামী বছরে পরিস্থিতি আরও ভয়াবহ হতে চলেছে। এদিন রাষ্ট্রপুঞ্জের খাদ্য-সংক্রান্ত সংগঠনের একটি রিপোর্ট প্রকাশিত হয়েছে। সেখানে বলা হয়েছে, মোট ৫৩টি দেশের ১৯.৩ কোটি মানুষ গতবছর ঠিকমতো খাবার পাননি। বিভিন্ন রাষ্ট্রের মধ্যে রাজনৈতিক দ্বন্দ্ব, জলবায়ুর পরিবর্তন ও অতিমারিকেই এই পরিস্থিতির জন্য দায়ী করা হয়েছে। রিপোর্টে আরও বলা হয়েছে ইউক্রেনে যুদ্ধের জন্য সোমালিয়া-সহ আফ্রিকার বিভিন্ন দেশে ভয়াবহ খাদ্যসঙ্কট দেখা দিতে চলেছে, কারণ আফ্রিকার অনেক দেশই ইউক্রেনে উৎপন্ন গমের উপর নির্ভরশীল।


Kelvinator
Ready for anything
এখন আর ঘাম হবে না।
এসে গেছে ইন্ডিয়ার কুলেস্ট সামার!
GET A SPACIOUS 350L FROST-FREE DOUBLE DOOR REFRIGERATOR @ ₹24990/-*
1.5 TON INVERTER AC
3 STAR @ ₹32,990/-*
5 STAR @ ₹36,990/-*
STANDARD INSTALLATION @ ₹499/-*
*10% CASHBACK UP TO ₹3,500*
HDFC BANK
AXIS BANK
Bank of Baroda Credit Card
Standard Chartered
AMERICAN EXPRESS
BUY NOW PAY LATER WITH FIXED EMI @ ₹1875/MONTH*
*NO COST EMI
*0 PROCESSING FEE DOWN PAYMENT
* T&C apply, offers valid on selected Kelvinator products. Fixed EMI offer only applies on AC.
KELVINATOR is a pending or registered trademark of Electrolux Home Products Inc. and used under license from Electrolux Home Products Inc.
Flat 10% Cash Back Up To 3500/- available through Axis Bank debit/credit cards, BOB credit cards, Federal Bank debit cards on minimum transaction value rupees 12000/- on Kelvinator Range of selected products through Pine Lab POS. Offer valid upto 31st May 2022. *Terms and Conditions apply.
For customer support 1800-889-1045 care.kelvinator@resq.in • Visit us: www.kelvinator.in | Follow Us On /IndiaKelvinator
AVAILABLE AT
Shop at reliancedigital.in
FOR TRADE ENQUIRY, CONTACT-STATE HEAD: ANUP PANDEY-9051131314, ASM: SURJIT SINGH-7980191779, PRATEEK MAHESHWARI-8334800950, GOUTAM SAHA-9830783860, PRINCE KOHLI-9874325317, SAURAV ROY-9830509871 DIRECT DEALER KOLKATA: ROOMI ELECTRONICS-9831186333, SREEMA HABRA-9332806963, SURSANGEET-9830985141, MG ELECTRONICS (BAGUIHATI)-7059516968, MG ELECTRONICS (BIRATI)-8240725042, MG ELECTRONICS (HALDIRAMS)-9903332545, UTSAV (ASHOKNAGAR)-8637016618, BHARAT ELECTRONICS -9830199783, FAIRDEAL INTERNATIONAL BEHALA, FAIRDEAL INTERNATIONAL JADAVPUR-9830695171, FAIRDEAL INTERNATIONAL SALKIA-7044795321/9831316683, FAIRDEAL INTERNATIONAL TOLLYGUNG-9903889303, FAIRDEAL INTERNATIONAL SONNARPUR-8017066990, FAIRDEAL INTERNATIONAL BARUIPUR-9903547480, FAIRDEAL INTERNATIONALGARIA-9830695171, MITTAL ELECTRONICS (UTTARPARA/SREERAMPORE/RISHRA/PANDUA/BANDEL)-9830148755, CHILL POINT (DIAMOND HARBOUR)-9434438334, ORCHID SILIGURI-9733015110, • GARIAHAT GOLPARK: MULTI CHANNEL ELECTRONICS PVT LTD-9831322453, • BARIPUR: MULTI CHANNEL ELECTRONICS PVT LTD-7278022453, • SINTHI MORE: MULTI CHANNEL ELECTRONICS PVT LTD-7003469099, • DURGAPUR: BOMBAY VARITEY STORES-9550687525, • HABRA/BONGAON/CHADPARA/HALANCHA/BAGULA: ARATI ELECTRONICS-9732282800, • SARARHAT: VIVEK ENTERPRISE-9647297926, • BANGUR AVENUE/LILUAH: UPASANA-7003240069, • BISHNUPUR/MATHURAPUR: SK ELECTRONICS-9732685013, • MAYNAGAR/SHIBRAMPUR: GOPAL ENTERPRISE-9830447605, DISTRIBUTOR • KOLKATA: SELECT MARKETING-9830023213, ASP AIR CONDITIONERS PVT LTD. – 9831287131 • NORTH BENGAL DISTRIBUTOR: VIDEOHMS-8116037774, MODERN RADIO-9775997607, • DINAJPUR DISTRIBUTOR: ROYAL ELECTRONICS-9434112843, • HOWRAH DISTRIBUTOR: PARK PALACE LTD-9748549667, • HOOGHLY DISTRIBUTOR: PARK PALACE LTD- 8420994766, • JALAN BROTHERS SOUTH BENGAL-ASANSOL/DURGAPUR-8697725109, • MEDINIPUR DISTRIBUTOR: KALIMATA ELECTRONICS-9732523235, • NORTH 24 PGS DISTRIBUTOR: SATISFACTION ELECTRONICS PVT LTD-8337066691, • NADIA DISTRIBUTOR: RILBONG TRADERS PVT LTD-9883660532, • BIRBHUM DISTRIBUTOR STAR ELECTRONICS-9531533495/9800956796, • DISTRIBUTOR S24 PARGANAS -TRIUMPH-9748161752, • DIRECT DEALER-SHREE SHYAM AGENCIES (BANKURA/PURULLIA)-9749226979.

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**Direction (1 to 2):** *Choose the correct alternatives.*

1. The car hit a tree and 'flipped over' means that the car hit a tree and ____.
(a) stopped (b) got fire (c) turned upside down (d) became faster

2. 'On the latch' means:
(a) a small metal bar (b) closed but not locked (c) on a journey (d) To become attached

**Direction (3 and 4):** *Find the correctly spelt word.*

3. (a) Adalosent (b) Adolascent (c) Adolescent (d) Adaloscent

4. (a) Sovenir (b) Souvenir (c) Suvenir (d) Suvenior

**Direction (5 to 7):** *Idiom/Phrase.*

5. If you want to solve the problem for ever you must take the bull by the horns.
(a) pull the bull's horns (b) face a difficulty or danger boldly (c) run away from a difficulty or danger (d) face a difficulty or danger confidently

6. Rajib washed his hands of the matter long ago.
(a) refused to accept responsibility for (b) over came the difficulties (c) took the responsibility (d) refused to change the decision

7. All the neighbours gave her the cold shoulder because she ill treated her daughter-in-law.
(a) showed intentional unfriendliness to her company (b) felt her shoulder was cold (c) showed dislike for her company (d) showed liking for her company

**Direction (8 to 10):** *Choose the one which can be substituted for the given words.*

8. A person who runs away from Justice or the law:
(a) Refugee (b) Martyr (c) Recluse (d) Fugitive

9. A hater of women:
(a) Polygynist (b) Misogynist (c) Bigamist (d) Misanthrope

10. A place where bees are kept:
(a) Dispensary (b) Granary (c) Apiary (d) Aviary

**Direction (11 to 14):** *Use appropriate words to fill in the blanks.*

11. I intend to challenge the ____ of his claim.
(a) legislature (b) legible (c) legend (d) legitimacy

12. I was under the ____ that the course was for complete beginners.
(a) wrap (b) misapprehension (c) misbegotten (d) misdirected

13. No one will take ____ if they leave early.
(a) offence (b) coffee (c) tea (d) offer

14. The department may ___ its cash limit this year.
(a) overshot (b) overstep (c) overshoot (d) exaggerate

**Direction (15 and 16):** *Fill up the blanks.*

15. He takes great delight ____ proving others wrong.
(a) of (b) with (c) in (d) by

16. I seem to have got ___ on the wrong foot with the new boss.
(a) off (b) of (c) with (d) in

**Direction (17 to 19):** *One word substitution.*

17. A patricide is a person who is guilty of the crime of killing his/her.
(a) mother (b) sister (c) mother-in-law (d) father

18. A child who stays away from school without permission is called:
(a) Escaper (b) Teetotaller (c) Bunker (d) Truant

19. A chemical that is used to kill plants that are growing where they are not wanted, is:
(a) Insecticide (b) Parasite (c) Pesticide (d) Herbicide

20. He is a misanthrope. It means:
(a) He loves people (b) He heats and avoids other people (c) He dislikes animals (d) He kills birds

21. Replace the bold word by any of the options given below.
'Lord of the Flies' is a novel about English school boys **marooned** on a desert island.
(a) stranding (b) stranded (c) placed (d) fortified

**Direction (22 and 23):** *Choose the one which best express the meaning.*

22. Vivacious
(a) Venomous (b) Lively (c) Clear (d) Superior

23. Staunch
(a) Good (b) Loyal (c) Wise (d) Benign

**Direction (24 and 25):** *Choose the word opposite in meaning.*

24. Modesty
(a) Vanity (b) Variety (c) Originality (d) Honesty

25. Spite
(a) Spleen (b) Venom (c) Spitit (d) Affection

26. 'অভিজ্ঞান শকুন্তলম' কার রচনা?
(a) ফা হিয়েন (b) শূদ্রক (c) কালিদাস (d) বাণভট্ট

27. নীচের বইগুলির মধ্যে কোনটি কালিদাসের রচনা নয়?
(a) রঘুবংশ (b) মালবিকাগ্নিমিত্র (c) দশকুমারচরিত (d) ঋতুসংহার

28. কোন তুঘলক সুলতান তাঁর রাজধানী দিল্লি থেকে নিয়ে গেলেন দেবগিরি?
(a) মহম্মদ-বিন-তুঘলক (b) তুঘলক শাহ (c) ফিরোজ-শাহ-তুঘলক (d) গিয়াসউদ্দিন তুঘলক

29. কোন সম্রাটের দরবারি ঐতিহাসিক ছিলেন আবুল ফজল?
(a) জাহাঙ্গির (b) ঔরঙ্গজেব (c) আকবর (d) বাবর

30. নন্দ বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) ধননন্দ (b) পার্শ্বনাথ (c) মহাপদ্মনন্দ (d) চন্দ্রগুপ্ত মৌর্য

31. 'সৌন্দরানন্দ' গ্রন্থ রচনা করেন কে?
(a) বিন্দুসার (b) অশ্বঘোষ (c) মেগাস্থিনিস (d) গৌতম বুদ্ধ

32. 'ধর্মপাল'-কে কোন উপাধিতে ভূষিত করা হয়েছিল?
(a) শকারি (b) পরমেশ্বর (c) বিক্রমশীল (d) কুনিক

33. 'রামচরিত' কার রচনা?
(a) কৌটিল্য (b) সন্ধ্যাকর নন্দী (c) কলহন (d) কালিদাস

34. পানিপথের দ্বিতীয় যুদ্ধ কত সাল সংঘটিত হয়েছিল?
(a) 1554 সালে (b) 1555 সালে (c) 1556 সালে (d) 1557 সালে

35. 'বিক্রমশীলা বিহার' স্থাপন কে করেছিলেন?
(a) ধর্মপাল (b) দেবপাল (c) দ্বিতীয় মহীপাল (d) প্রথম মহীপাল

36. 'ইকতা' প্রথার প্রবর্তন কে করেন?
(a) ইলতুৎমিস (b) কুতুবউদ্দিন আইবক (c) ইবন বতুতা (d) আকবর

37. বাংলাদেশে কে 'দ্বৈতশাসন' প্রবর্তন করেন?
(a) ওয়ারেন হেস্টিংস (b) আবুল ফজল (c) লর্ড লিটন (d) রবার্ট ক্লাইভ

38. বাবরের সমাধি কোন শহরে রয়েছে?
(a) বিজয়নগর (b) পেশোয়া (c) কনৌজ (d) কাবুল

39. 'কলকাতা মাদ্রাসা' প্রতিষ্ঠা হয় কত সালে?
(a) 1781 (b) 1782 (c) 1783 (d) 1784

40. চৈতন্যদেব কত সালে পুরীতে দেহত্যাগ করেছিলেন?
(a) 1531 (b) 1532 (c) 1533 (d) 1534

41. 'এলাহাবাদ প্রশস্তি' কে রচনা করেছিলেন?
(a) বসুমিত্র (b) নাগার্জুন (c) হরিষেণ (d) অশ্বঘোষ

42. জাবতি প্রথা কে প্রবর্তন করেছিলেন?
(a) শাহজাহান (b) আকবর (c) বাবর (d) হুমায়ুন

43. কত সালে 'বেসিনের চুক্তি' স্বাক্ষরিত হয়েছিল?
(a) 1801 (b) 1802 (c) 1803 (d) 1804

44. কোন বছর থেকে শকাব্দ গণনা শুরু হয়েছিল?
(a) 273 খ্রিস্টপূর্বাব্দে (b) 78 খ্রিস্টপূর্বাব্দে (c) 330 খ্রিস্টপূর্বাব্দে (d) 58 খ্রিস্টপূর্বাব্দে

45. ভারতের কোন সম্রাটকে 'জাস্তপীর' বলা হয়?
(a) শেরশাহ (b) ফিরোজ তুঘলক (c) আকবর (d) ঔরঙ্গজেব

46. ফোর্ট উইলিয়াম কলেজ কত সালে প্রতিষ্ঠিত হয়?
(a) 1805 সালে (b) 1803 সালে (c) 1801 সালে (d) 1800 সালে

47. ভারতের প্রথম ঐতিহাসিক সম্রাট কে ছিলেন?
(a) মহাপদ্মনন্দ (b) চন্দ্রগুপ্ত মৌর্য (c) বিক্রমাদিত্য (d) বিম্বিসার

48. কোন শাসকের আমলে ইবন বতুতা ভারতে এসেছিলেন?
(a) ইলতুৎমিস (b) আকবর (c) মহম্মদ বিন তুঘলক (d) আলাউদ্দিন খিলজি

49. অশোকের ব্রাহ্মীলিপির পাঠোদ্ধার করেন কে?
(a) প্রিন্সেপ (b) কানিংহাম (c) বার্জেস (d) আর এল মিত্র

50. 1498 খ্রিস্টাব্দে ভাস্কো-ডা-গামা কোন বন্দরে অবতরণ করেন?
(a) সুরাট (b) কালিকট (c) কোচিন (d) মসুলিপটম

51. কটক শহর কোন নদীর তীরে অবস্থিত?
(a) মুসি (b) গঙ্গা (c) লুনী (d) মহানদী

52. ব্যাংকক কোন নদীর তীরে অবস্থিত?
(a) স্যালউইন (b) মেকং (c) চিন্দুইন (d) চাও-ফরায়ে

53. সিন্ধু কোন নদীগোষ্ঠীর অন্তর্ভুক্ত?
(a) বিপরা নদী (b) পূর্ববর্তী নদী (c) পরবর্তী নদী (d) অনুগামী নদী

54. কোন অঞ্চলে মুক্তা আহরণের জন্য চাষ করা হয়?
(a) কোচি (b) পন্ডিচেরি (c) তুতিকোরিন (d) কান্ডালা

55. নীচের কোনটি পশ্চিমে প্রবাহিত নদী?
(a) দানিয়ুব (b) ভলগা (c) লয়ার (d) ভিশ্চুলা

56. ভারতের কোন রাজ্যের অন্তর্গত উপকূল রেখার দৈর্ঘ্য সর্বাধিক?
(a) গুজরাট (b) কর্নাটক (c) অন্ধ্রপ্রদেশ (d) ওড়িশা

57. ভারতের কোন নদী সবচেয়ে বেশি জল বহন করে?
(a) গঙ্গা (b) নর্মদা (c) মহানদী (d) গোদাবরী

58. কোন শিল্প সবচাইতে বেশি শ্রমিক নিয়োগ করে?
(a) সূতিবস্ত্র (b) পাট (c) খাদ্য প্রক্রিয়াকরণ (d) লৌহ ও ইস্পাত

59. ভাগীরথী ও অলকানন্দার সংগম হয় কোথায়?
(a) হরিদ্বারে (b) রুদ্রপ্রয়াগে (c) দেবপ্রয়াগে (d) কর্ণপ্রয়াগে

60. কোন দেশে সবচাইতে বেশি ভূমিকম্প হয়?
(a) চিলি (b) আমেরিকা (c) জাপান (d) ইন্দোনেশিয়া

61. স্থানীয় সময় নাই:
(a) পৃথিবীর চৌম্বক মেরুবিন্দুতে (b) উত্তর দক্ষিণ মেরুতে (c) আন্তর্জাতিক তারিখ রেখাতে (d) লন্ডনে

এরপর সাতের পাতায়

## নার্সিংয়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা

### প্রবেশিকা পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

44. পেট্রল ও জলের মিশ্রণকে কীভাবে পৃথক করা যায়?
(a) আংশিক পাতন (b) বিয়োজী ফানেলের সাহায্যে (c) ক্রোমাটোগ্রাফি নামক পদ্ধতিতে (d) উর্ধ্বপাতন পদ্ধতিতে

45. কোন উষ্ণতাকে পরমশূন্য উষ্ণতা বলে?
(a) $-273^{\circ}C$ (b) $-273^{\circ}F$ (c) 273 k (d) $0^{\circ}C$

46. 'V' বেগে ধাবমান M ভরসম্পন্ন কোনও বস্তুর গতিশক্তি লেখা যায়:
(a) $\frac{mv}{r}$ (b) mvr (c) $\frac{1}{2}mv^2$ (d) mr

47. কোনও কাচদণ্ডকে গ্লিসারিনে ডোবালে অদৃশ্য হয়ে যায় কেন?
(a) একই প্রতিসরাঙ্ক (b) ভিন্ন প্রতিসরাঙ্ক (c) উভয়ই স্বচ্ছ (d) উভয়ই সাদা বর্ণের

48. জল ফুটতে থাকলে তাপমাত্রা:
(a) বৃদ্ধি পায় (b) হ্রাস পায় (c) স্থির থাকে (d) কোনওটিই নয়

49. কোনটিতে হাইড্রোজেন বন্ধনী সর্বাধিক?
(a) ইথানল ক্লোরাইড (b) ডাইমিথাইল ইথার (c) ইথানল (d) ট্রাই ইথার

50. সাধারণভাবে পদার্থের ক'টি অবস্থা?
(a) দুই (b) তিনটি (c) চারটি (d) পাঁচটি

51. পাহাড়ের ওপর উন্মুক্ত পাত্রে রান্না করা অসুবিধাজনক কারণ:
(a) নিম্ন বায়ুচাপ (b) উচ্চ বায়ুচাপ (c) প্রাকৃতিক কারণ (d) নিম্ন উষ্ণতা

52. সূর্যের প্রচণ্ড শক্তির উৎস কী?
(a) নিউক্লিয় বিয়োজন (b) নিউক্লিয় সংযোজন (c) গ্যাসের দহন (d) এখনও জানা যায়নি

53. সমুদ্রে কোনটি প্রচুর পরিমাণে পাওয়া যায়?
(a) চিনি (b) বালি (c) ক্যালশিয়াম কার্বোনেট (d) সাধারণ লবণ

54. সূর্যের মধ্যে কোন গ্যাস সবচেয়ে বেশি পরিমাণে আছে?
(a) ওজোন (b) হাইড্রোজেন (c) হিলিয়াম (d) নাইট্রোজেন

55. একটি সমতল দর্পণের দ্বারা তৈরি বিবর্ধন হবে:
(a) –1 (b) +1 (c) শূন্য (d) শূন্য থেকে অসীম

56. কাচকে হঠাৎ উত্তপ্ত করলে ফেটে যায় কিন্তু ধাতু ফাটে না কারণ কাচ:
(a) তাপের সুপরিবাহী (b) তাপের কুপরিবাহী (c) অন্তরক (d) অর্ধপরিবাহী

57. একটি লোক চলন্ত ট্রেনের কামরা থেকে বাইরের দিকে লাফ দিলে সে কোনদিকে গিয়ে মাটিতে পড়বে?
(a) পাশে (b) পিছনের দিকে (c) সামনের দিকে (d) কোনওটিই নয়

58. পৃথিবী থেকে চাঁদের একটা দিকই কেবলমাত্র দেখা যায় কেন?
(a) চাঁদ ঘূর্ণমান নয় বলে (b) কেবলমাত্র একদিকে আলো প্রতিফলিত হয় বলে (c) চাঁদের আবর্তন ও ঘূর্ণনের সময়কাল এক বলে (d) চাঁদ পৃথিবীর সবচেয়ে নিকটবর্তী চন্দ্রকক্ষের বিন্দুতে অবস্থিত বলে

59. কোন বিজ্ঞানী নোবেল গ্যাস আবিষ্কার করেন?
(a) রাদার ফোর্ড (b) ম্যাডাম কুরি (c) ম্যাকডোনাল্ড (d) কেভেনডিস

60. ঘর্ষণকে কীসের পরিবর্তনের দ্বারা কমানো যায়?
(a) ঘূর্ণমান থেকে গড়ানো (b) গড়ানো থেকে ঘূর্ণমান (c) গতীয় থেকে গতিমূল্য (d) কোনওটিই নয়

**Direction (61 to 64):** *Choose the correct prepositions.*

61. The old man is offlicted ____ gout.
(a) with (b) without (c) for (d) to

62. Let us talk ___ something else.
(a) with (b) on (c) about (d) to

63. Pratical life is the most efficient ____ all teachers.
(a) of (b) to (c) for (d) with

64. A taxi went off and covered us ___ mud.
(a) in (b) for (c) with (d) of

**Direction (65 to 69):** *Choose the correct answer.*

In these days of cable television the radio has again become popular. As in the days before the 65 of television, people switch on their radios first thing in the morning. FM channels of every 66 can be heard broadcasting news and songs of every 67. More than anything else, people prefer to listen 68 which bring a refreshing change to the 69 routine of their everyday lives.

65. (a) advent (b) appearance (c) birth (d) genesis

66. (a) range (b) variety (c) frequency (d) category

67. (a) state (b) language (c) description (d) kind

68. (a) into the songs (b) from the songs (c) the songs (d) to the songs

69. (a) packed (b) monotonous (c) exciting (d) light

**Direction (70 and 71):** *Choose the correct meaning.*

70. The young man is under the thumb of his mother.
(a) control (b) obedience (c) obligation (d) supremacy

71. False friends fall away in adversity.
(a) Decrease (b) Decline (c) Deceive (d) Desert

**Direction (72 to 75):** *Choose the word opposite in meaning.*

72. Reluctant
(a) Unable (b) Hesitant (c) Slow (d) Willing

73. Amused
(a) Jolted (b) Astonished (c) Saddened (d) Frightened

74. Protects
(a) Defends (b) Deprives (c) Deserts (d) Devises

75. Exhibit

এরপর সাতের পাতায়

jobindiagroup.com

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*ছয়ের পাতার পর*

62. কোন গ্রহের কোনও উপগ্রহ নেই?
(a) বুধ (b) পৃথিবী (c) নেপচুন (d) ইউরেনাস
63. দেশের ব্যস্ততম জাতীয় সড়ক কোনটি?
(a) NH-2 (b) NH-1 (c) NH-3 (d) NH-4
64. পাঁচমারি কোন পর্বতের উচ্চতম শৃঙ্গ?
(a) সাতপুরা (b) নীলগিরি (c) পূর্বঘাট (d) পশ্চিমঘাট
65. 'বেতোয়া' কার উপনদী?
(a) গোদাবরী (b) নর্মদা (c) যমুনা (d) গঙ্গা
66. 'রোটাং গিরিপথ' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) পশ্চিমবঙ্গ (b) রাজস্থান (c) হিমাচল প্রদেশ (d) সিকিম
67. রাণাপ্রতাপ সাগর জলাধার কোন রাজ্যে অবস্থিত?
(a) উত্তরপ্রদেশ (b) কর্নাটক (c) হরিয়ানা (d) রাজস্থান
68. কৃষ্ণ মৃত্তিকাকে কী নামে জানি?
(a) সিরোজেম (b) রেগুর (c) ভাঙর (d) খাদার
69. 'বিশ্ব আবহাওয়া দিবস' কবে পালিত হয়?
(a) 23 মার্চ (b) 24 মার্চ (c) 25 মার্চ (d) 26 মার্চ
70. পশ্চিমবঙ্গের প্রসিদ্ধ 'ছৌনাচ' কোন জেলায় পালিত হয়?
(a) মালদহ (b) বীরভূম (c) পুরুলিয়া (d) বাঁকুড়া
71. 'পুষ্কর হ্রদ' কোন রাজ্যে অবস্থিত?
(a) হরিয়ানা (b) রাজস্থান (c) কেরালা (d) মণিপুর
72. কোনটি 'খারিফ শস্য' নয়?
(a) মিলেট (b) গম (c) পাট (d) ধান
73. পশ্চিমবঙ্গের কোন জেলায় লাক্ষার চাষ বেশি হয়?
(a) পূর্ব মেদিনীপুর (b) উত্তর দিনাজপুর (c) পুরুলিয়া (d) দক্ষিণ দিনাজপুর
74. ক্রোয়েশিয়া রাজ্যের রাজধানী কোনটি?
(a) সারাজেভো (b) স্কপজে (c) জাগ্রেব (d) বেলগ্রেড
75. পৃথিবীর শীতলতম স্থানের নাম কী?
(a) লাদাখ (b) লেনিনবাদ (c) ভারখয়ানস্ক (d) লিভিংস্টোন
76. ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম মুসলিম সভাপতি কে ছিলেন?
(a) আবুল কালাম আজাদ (b) বদরুদ্দিন তায়েবজি (c) মহম্মদ আলি (d) কেউই নন
77. 14 বছরের কমবয়সী মেয়েদের বিবাহ নিষিদ্ধ করা হয় কত সালে?
(a) 1870 (b) 1871 (c) 1872 (d) 1873
78. 'বন্দীজীবন' গ্রন্থের সম্পাদক কে ছিলেন?
(a) অজিত সিং (b) শচীন্দ্রনাথ সান্যাল (c) বিপিনচন্দ্র পাল (d) অরবিন্দ ঘোষ
79. কোন বছর কলকাতা বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছিল?
(a) 1857 (b) 1858 (c) 1859 (d) 1860
80. আন্দামানে ভারতের কোন গভর্নর জেনারেল নিহত হয়েছিলেন?
(a) লর্ড ক্যানিং (b) লর্ড লিটন (c) লর্ড মেয়ো (d) লর্ড কার্জন
81. ফরওয়ার্ড ব্লকের প্রতিষ্ঠা কত সালে হয়েছিল?
(a) 1939 (b) 1940 (c) 1941 (d) 1942
82. ভারতের স্বাধীনতাপ্রাপ্তির সময় ভারতীয় জাতীয় কংগ্রেসের সভাপতি কে ছিলেন?
(a) সর্দার প্যাটেল (b) জে এল নেহরু (c) আবুল কালাম আজাদ (d) জে বি কৃপালিনি
83. 'গান্ধী-আরউইন চুক্তি' কবে সম্পাদিত হয়?
(a) 1931 সালে (b) 1932 সালে (c) 1933 সালে (d) 1934 সালে
84. ভারতীয় সিভিল সার্ভিসের জনক কাকে বলা হয়?
(a) লর্ড ডালহৌসি (b) লর্ড কর্নওয়ালিস (c) ওয়ারেন হেস্টিংস (d) লর্ড মাউন্টব্যাটেন
85. 'আইন অমান্য আন্দোলন' কবে শুরু হয়?
(a) 1925 সালে (b) 1927 সালে (c) 1929 সালে (d) 1930 সালে
86. 'বর্তমান ভারত' গ্রন্থটির রচয়িতা কে?
(a) বসন্ত বিশ্বাস (b) স্বামী বিবেকানন্দ (c) সূর্য সেন (d) রামপ্রসাদ বিসমাইল
87. 'ভারত শ্রমজীবী' বইটির লেখক কে?
(a) স্বামী বিবেকানন্দ (b) রমেশচন্দ্র দত্ত (c) শক্তিপদ ব্যানার্জি (d) দীনবন্ধু মিত্র
88. 'কেশরী' পত্রিকার সম্পাদক কে ছিলেন?
(a) মহাত্মা গান্ধী (b) বালগঙ্গাধর তিলক (c) অজিত সিং (d) দীনবন্ধু মিত্র
89. 'বার্মা' ভারত থেকে পৃথক হয় কত সালে?
(a) 1930 সালে (b) 1932 সালে (c) 1935 সালে (d) 1936 সালে
90. কোন অধিবেশনে 'পূর্ণ স্বরাজ' প্রস্তাব গ্রহণ করা হয়েছিল?
(a) লাহোর অধিবেশন (b) বেলগাঁও অধিবেশন (c) সুরাট অধিবেশন (d) লখনউ অধিবেশন
91. 'সত্যার্থ প্রকাশ' কে রচনা করেছিলেন?
(a) স্বামী দয়ানন্দ সরস্বতী (b) প্রফুল্ল চন্দ্র রায় (c) লালা লাজপত রাই (d) অরবিন্দ ঘোষ
92. স্থানীয় স্বায়ত্তশাসন ব্যবস্থা কবে চালু করা হয়?
(a) 1880 সালে (b) 1881 সালে (c) 1882 সালে (d) 1883 সালে
93. অসহযোগ আন্দোলন কত সালে শুরু হয়েছিল?
(a) 1918 সালে (b) 1920 সালে (c) 1922 সালে (d) 1924 সালে
94. দিল্লির আইনসভা ভবনে বোমা নিক্ষেপে ভগৎ সিং-এর সহযোগী ছিলেন কোন বিপ্লবী?
(a) বটুকেশ্বর দত্ত (b) রাজগুরু (c) চন্দ্রশেখর আজাদ (d) সুকদেব
95. 'যুগান্তর' পত্রিকার প্রথম সম্পাদক কে ছিলেন?
(a) কৃষ্ণকুমার মিত্র (b) বারীন্দ্র ঘোষ (c) ভূপেন্দ্রনাই দত্ত (d) শিবলি নুমানি
96. 'অমৃতবাজার পত্রিকা' কে প্রতিষ্ঠা করেন?
(a) বারীন্দ্র ঘোষ (b) কৃষ্ণকুমার মিত্র (c) শিশিরকুমার ঘোষ (d) সুরেন্দ্রনাথ ব্যানার্জি
97. 'মিত্রমেলা' নামক বিপ্লবী সংগঠন কে গঠন করেছিলেন?
(a) বীণা দাশ (b) ভগত সিং (c) বিনায়ক দামোদর সাভারকার (d) দুদু মিঞা
98. গান্ধীজি কবে দক্ষিণ আফ্রিকা থেকে ভারতে ফিরে আসেন?
(a) 1913 সালে (b) 1915 সালে (c) 1917 সালে (d) 1919 সালে
99. 1857 সালের বিদ্রোহে কাকে ভারতের সম্রাট হিসেবে ঘোষণা করা হয়?
(a) তাঁতিয়া টোপি (b) নানা সাহেব (c) মঙ্গল পান্ডে (d) দ্বিতীয় বাহাদুর শাহ
100. কে ভারতের জাতীয় কংগ্রেসকে 'অতি ক্ষুদ্র এক আণুবীক্ষণিক সংস্থা' বলে উপহাস করেছিলেন?
(a) লর্ড মিন্টো (b) লর্ড চেমসফোর্ড (c) লর্ড ডাফরিন (d) লর্ড কার্জন
101. ধাতুকল্পের উদাহরণ দাও:
(a) ক্লোরিন (b) ব্রোমিন (c) আয়োডিন (d) অ্যান্টিমনি
102. অ্যামোনিয়াম ক্লোরাইডের সংকেত কী?
(a) $NH_4Cl$ (b) KCl (c) $NaNO_3$ (d) $KNO_3$
103. উদ্ভিদ কোষ প্রাচীরের মুখ্য উপাদান কোনটি?
(a) পেকটোজ (b) ক্যালোজ (c) সেলুলোজ (d) গ্যালাকটোজ
104. কোনটিকে 'সুইসাইড ব্যাগ' বলা হয়?
(a) সেন্ট্রোজোম (b) মাইটোকনড্রিয়া (c) মেসোজোম (d) লাইসোজোম
105. লিপিডের সরল উপাদান কোনটি?
(a) গ্লুকোজ (b) ফ্যাটি অ্যাসিড ও গ্লিসারল (c) অ্যামাইনো অ্যাসিড (d) নিউক্লিক অ্যাসিড
106. যখন আলোকরশ্মি বায়ু থেকে একটি মোটা কাচের প্লেটের ওপর পড়ে তখন:
(a) তরঙ্গদৈর্ঘ্য কমে (b) তরঙ্গদৈর্ঘ্য বাড়ে (c) কম্পাঙ্ক বাড়ে (d) কম্পাঙ্কের কোনও পরিবর্তন হয় না

**উত্তর**

1(c), 2(b), 3(c), 4(b), 5(d), 6(a), 7(a), 8(d), 9(b), 10(c), 11(d), 12(b), 13(a), 14(c), 15(c), 16(a), 17(d) 18(b), 19(d), 20(b), 21(b), 22(b), 23(b), 24(a), 25(d), 26(c), 27(c), 28(a), 29(c), 30(c), 31(b), 32(c), 33(b), 34(c), 35(b), 36(a), 37(d), 38(d), 39(a), 40(c), 41(c), 42(d), 43(b), 44(b), 45(d), 46(c), 47(b), 48(c), 49(a), 50(b), 51(d), 52(b), 53(b), 54(c), 55(a), 56(c), 57(d), 58(a), 59(b), 60(c), 61(d), 62(a), 63(a), 64(a), 65(c), 66(c), 67(d), 68(b), 69(a), 70(c), 71(b), 72(b), 73(c), 74(a), 75(c), 76(b), 77(c), 78(b), 79(a), 80(c), 81(a), 82(d), 83(a), 84(b), 85(d), 86(b), 87(c), 88(b), 89(c), 90(a), 91(a), 92(c), 93(b), 94(d), 95(c), 96(c), 97(c), 98(b), 99(d), 100(c), 101(d), 102(a), 103(c), 104(d), 105(b), 106(a).

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

## নার্সিংয়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা

### প্রবেশিকা পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর


*ছয়ের পাতার পর*


(a) Concede (b) Prevent (c) Conceal (d) Withdraw
76. $\frac{(0.73)^3+(0.27)^3}{(0.73)^2+(0.27)^2-0.73\times 0.27}=?$
(a) 1 (b) 0.27 (c) 2 (d) 3
77. $\left(\frac{.125\times.125-.004\times.004}{.125+.004}\right)$-এর মান নির্ণয় করুন:
(a) 0.121 (b) 0.129 (c) 0.6 (d) .03125
78. দু'টি সংখ্যার ল.সা.গু. ও গ.সা.গু. যথাক্রমে 1920 এবং 16। যদি একটি সংখ্যা 128 হয় তবে অন্য সংখ্যাটি নির্ণয় করুন:
(a) 360 (b) 240 (c) 120 (d) 480
79. দু'টি সংখ্যার গুণফল 1600, তাদের গ.সা.গু. 5 হয়। তাহলে দু'টি সংখ্যার ল.সা.গু. নির্ণয় করুন:
(a) 320 (b) 321 (c) 322 (d) 323
80. $\left[\frac{x^b}{x^c}\right]^a\times\left[\frac{x^c}{x^a}\right]^b\times\left[\frac{x^a}{x^b}\right]^c$
(a) 1 (b) 0 (c) $x^{a+b+c}$ (d) 2
81. $26.003\times 37.998-309.010=?$
(a) 685 (b) 695 (c) 680 (d) 670
82. $7885.009-519.999-94.989=?$
(a) 7270 (b) 7300 (c) 7500 (d) 7220
83. $\sqrt{289}+\sqrt{361}=\sqrt{?}$
(a) 1089 (b) 1369 (c) 1296 (d) 1156
84. যদি $\cos\theta+\sec\theta=2(0^\circ\le\theta\le 90^\circ)$ হয় তবে $\cos 10\theta+\sec 11\theta$-এর মান নির্ণয় করুন:
(a) 0 (b) 1 (c) 2 (d) –1
85. দু'টি ট্রেনের গতিবেগের অনুপাত 2 : 3। যদি দ্বিতীয় ট্রেনটি 4 ঘণ্টায় 180 কিমি পথ যায়, প্রথম ট্রেনটির গতিবেগ কত?
(a) 20 কিমি/ঘণ্টা (b) 25 কিমি/ঘণ্টা (c) 30 কিমি/ঘণ্টা (d) 35 কিমি/ঘণ্টা
86. ভারতের দীর্ঘতম জাতীয় সড়ক কোনটি?
(a) NH-2 (b) NH-7 (c) NH-9 (d) NH-11
87. হিমালয়ের সর্বোচ্চ পর্বতশ্রেণি কোনটি?
(a) হিমাদ্রি (b) হিমাচল (c) কারাকোরাম (d) শিবালিক
88. কাকে কোষের এনার্জি কারেন্সি বলে?
(a) মাইটোকনড্রিয়া (b) রাইবোজোম (c) ATP (d) ADP
89. কোন জায়গার শাসনকর্ত্রী ছিলেন চাঁদ সুলতানা?
(a) অহম্মদনগর (b) বিজাপুর (c) বিদর (d) গুলবার্গ
90. কততম ধারা অনুযায়ী ভারতীয় সংবিধানকে সংশোধন করা যায়?
(a) 370 নম্বর ধারা (b) 329 নম্বর ধারা (c) 368 নম্বর ধারা (d) 274 নম্বর ধারা
91. কোন স্মৃতিসৌধ সবচেয়ে পুরনো?
(a) তাজমহল (b) কুতুবমিনার (c) হাজারদুয়ারি (d) অজন্তা গুহা
92. ভারতের প্ল্যানিং কমিশন কবে স্থাপিত হয়েছিল?
(a) 1948 (b) 1950 (c) 1952 (d) 1954
93. পৃথিবীর সর্বাপেক্ষা জনপ্রিয় খেলা কোনটি?
(a) টেনিস (b) বেসবল (c) ক্রিকেট (d) ফুটবল
94. উন্নয়ন মানে অর্থনৈতিক বৃদ্ধির সঙ্গে:
(a) দামের স্থায়িত্ব (b) সামাজিক পরিবর্তন (c) মুদ্রার সংকোচন (d) মুদ্রার স্ফীতি
95. 'বাকাটিক' কোন বংশের রাজা ছিলেন?
(a) মৌর্য (b) হর্ষ (c) গুপ্ত (d) কুষাণ

**Direction (96 to 98):** *শূন্যস্থান পূর্ণ করুন।*

96. R, R, P, N, L, ?, ?
(a) J, G (b) J, H (c) K, H (d) K, I
97. 1, 49, 121, ?, 289
(a) 529 (b) 169 (c) 329 (d) 225
98. 3, 10, ?, 30, 43
(a) 12 (b) 19 (c) 21 (d) 25

**Direction (99 to 100):** *? স্থানে কী বসবে?*

99.


(a) 199 (b) 398 (c) 606 (d) 891
100.


(a) 36 (b) 33 (c) 45 (d) 60

**উত্তর**

44(b), 45(a), 46(a), 47(a), 48(c), 49(c), 50(b), 51(a), 52(b), 53(d), 54(b), 55(b), 56(b), 57(c), 58(c), 59(d), 60(b), 61(a), 62(c), 63(a), 64(c), 65(a), 66(c), 67(b), 68(c), 69(b), 70(a), 71(a), 72(d), 73(c), 74(c), 75(c), 76(a), 77(a), 78(b), 79(a), 80(a), 81(c), 82(a), 83(c), 84(c), 85(c), 86(b), 87(a), 88(c), 89(a), 90(c), 91(d), 92(b), 93(d), 94(b), 95(c), 96(b), 97(b), 98(b), 99(c), 100(b).

**সমাধান**

76(a): $\frac{(0.73+0.27)[(0.73)^2+(0.27)^2-0.73\times 0.27]}{(0.73)^2+(0.27)^2-0.73\times 0.27}$
$=(0.37+0.27)=1.$

77(a): $\frac{(.125)^2-(.004)^2}{.125+.004}=\frac{(.125)-(.004)(.125)-(.004)}{.125+.004}$
$=.125-0.004=.121.$

78(b): $128\times$ দ্বিতীয় সংখ্যা $=16\times 1920$ দ্বিতীয় সংখ্যা $=\frac{16\times 1920}{128}=240.$

79(a): দু'টি সংখ্যার গুণফল = গ.সা.গু × ল.সা.গু ⇒ 1600 = 5 × ল.সা.গু
ল.সা.গু $=\frac{1600}{5}=320.$

80(a): $\left[\frac{x^b}{x^c}\right]^a\times\left[\frac{x^c}{x^a}\right]^b\times\left[\frac{x^a}{x^b}\right]^c=\frac{x^{ab}}{x^{ac}}\times\frac{x^{bc}}{x^{ab}}\times\frac{x^{ac}}{x^{bc}}=1.$

81(c): $26.003\times 37.998-309.010=?$
$?=26\times 38-309=988-309=679\simeq 680.$

82(a): $7885.009-519.999-94.989=?$
or, $7885-520-95=?$ or, $?=7270.$

83(c): $\sqrt{289}+\sqrt{361}=17+19=36=\sqrt{1296}$.

84(c): $\cos\theta+\sec\theta=2\Rightarrow\cos\theta+\frac{1}{\cos\theta}=2$
$\frac{\cos^2\theta+1}{\cos\theta}=2,\ \cos^2\theta-2\cos\theta+1=0$
$\Rightarrow(\cos\theta-1)^2=0\Rightarrow\cos\theta=1,\ \cos\theta=\cos 0^\circ\quad\theta=0^\circ.$
এখন, $\cos 10\theta+\sec 11\theta=\cos 0^\circ+\sec 0^\circ=1+1=2.$

85(c): দ্বিতীয় ট্রেনের গতিবেগ $=\frac{180}{4}$ কিমি/ঘণ্টা = 45 কিমি/ঘণ্টা
ধরা যাক, প্রথম ট্রেনের গতিবেগ x কিমি/ঘণ্টা
$x:45=2:3$ বা, $\frac{x}{45}=\frac{2}{3}\Rightarrow 3x=90\Rightarrow x=30$
প্রথম ট্রেনটির গতিবেগ 30 কিমি/ঘণ্টা।

96(b): T R P N L J H
–2 –2 –2 –2 –2 –2

97(b): $(1)^2=1,\ 1+6=7\Rightarrow(7)^2=49,\ 7+4=11\Rightarrow(11)^2=121$
$11+2=13\Rightarrow(13)^2=169,\ 13+4=17\Rightarrow(17)^2=289.$

98(b): 3 10 19 30 43
+7 +9 +11 +13

99(c): $3^2+4^2=25=25\times 3=75,\ 6^2+7^2=85=85\times 3=255$
একইভাবে, $9^2+11^2=202=202\times 3=606.$

100(b): $45+25+30+35=\frac{135}{5}=27$
$20+40+30+60=\frac{150}{5}=30$
একইভাবে, $40+35+65+25=\frac{165}{5}=33.$

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

jobindiagroup.com

# কী পড়বেন, কোথায় পড়বেন

## ফুড টেকনোলজি ও ম্যানেজমেন্টের স্নাতক ও স্নাতকোত্তর কোর্স

ফুড টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট-সংক্রান্ত স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্স এবং এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল ইনস্টিটিউট অব ফুড টেকনোলজি অন্ত্রেপ্রেনারশিপ অ্যান্ড ম্যানেজমেন্ট। এটি ফুড প্রসেসিং ইন্ডাস্ট্রি মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান।

**কোর্সের বিবরণ: বি টেক ইন ফুড টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট:** আসনসংখ্যা: ১৮০টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে ২০২২-এর জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন (মেনস) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে জয়েন্ট সিট অ্যালোকেশন অথরিটি বা সেন্ট্রাল সিট অ্যালোকেশন বোর্ড এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়মানুসারে।

**এম টেক ইন (১) ফুড টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, (২) ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, (৩) ফুড সেফটি অ্যান্ড কোয়ালিটি ম্যানেজমেন্ট, (৪) ফুড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট, (৫) ফুড প্লান্ট অপারেশনস ম্যানেজমেন্ট।** আসনসংখ্যা: বিষয় প্রতি ১৮টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল শাখায় চার বছরের স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ। সঙ্গে গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

গেট পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত প্রতিযোগিতামূলক পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

**এম বি এ ইন ফুড অ্যান্ড এগ্রি বিজনেস ম্যানেজমেন্ট, মার্কেটিং/ফিনান্স/ইন্টারন্যাশনাল বিজনেস।** আসনসংখ্যা: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক বা সমতুল।

প্রার্থী বাছাই করা হবে ২০২১ বা ২০২২-এর ক্যাট বা ম্যাট পরীক্ষা অথবা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত প্রতিযোগিতামূলক পরীক্ষায় প্রাপ্ত স্কোর, গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.niftem.ac.in আবেদনের শেষ তারিখ ৩১ মে। আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০০ টাকা।

আবেদনের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ট্যুরিজম অ্যান্ড ট্র্যাভেলের বি বি এ ও এম বি এ কোর্স

ট্যুরিজম অ্যান্ড ট্র্যাভেলের ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (বি বি এ) এবং ট্যুরিজম অ্যান্ড ট্র্যাভেল ম্যানেজমেন্টের মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এম বি এ) কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ট্যুরিজম অ্যান্ড ট্র্যাভেল ম্যানেজমেন্ট। এটি কেন্দ্রীয় সরকারের পর্যটন মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত প্রতিষ্ঠান। কোর্স শুরু হবে জুলাইয়ে। কোর্সটি পড়ানো হবে প্রতিষ্ঠানের ভুবনেশ্বর, গোয়ালিয়র, নয়ডা, নেল্লোর এবং গোয়া (শুধু এম বি এ) ক্যাম্পাসে।

**বি বি এ ইন ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম:** মোট আসনসংখ্যা: ৩৭৫টি। কোর্সের মেয়াদ তিন বছর। নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক। **বয়স:** ১-৭-২০২২ তারিখ অনুসারে ২২ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ বছরের ছাড় পাবেন। **কোর্স ফি:** ২,৭৯,৩৫০ টাকা। হস্টেল ফি অতিরিক্ত।

প্রার্থী বাছাই করা হবে জাতীয় স্তরের আয়োজিত প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৫ জুন। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

**এম বি এ ইন ট্যুরিজম অ্যান্ড ট্র্যাভেল ম্যানেজমেন্ট:** মোট আসনসংখ্যা ৭৫০টি। নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে। কোর্সের মেয়াদ ২ বছর। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত ভারতীয় বা বিদেশি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক। সেই সঙ্গে ক্যাট বা ম্যাট বা সি-ম্যাট বা জি-ম্যাট বা এ টি এম এ বা এক্স-ম্যাট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে। অথবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত প্রবেশিকা পরীক্ষায় অংশগ্রহণ করে থাকতে হবে। **বয়স:** ১-৭-২০২২ তারিখ অনুসারে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ বছরের ছাড় পাবেন। **কোর্স ফি:** ৩,৩৯,৮৫০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে উপরোক্ত পরীক্ষার মধ্যে যে-কোনও একটিতে প্রাপ্ত নম্বর, গ্রুপ ডিসকাশন ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রবেশিকা পরীক্ষা ৫ জুন।

নির্বাচিত কিছু ছাত্রছাত্রী স্কলারশিপ পাবেন।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.iittm.ac.in আবেদনের শেষ তারিখ ৩১ মে। আবেদনের সময় প্রার্থীর ফটো ও সই স্ক্যান করে আপলোড করতে হবে।

## প্লাস্টিক টেকনোলজির নানা কোর্সে ভর্তি

সেন্ট্রাল ইনস্টিটিউট অব প্লাস্টিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (সিপেট)-তে প্লাস্টিক টেকনোলজি-সংক্রান্ত ডিপ্লোমা, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং পোস্ট ডিপ্লোমা কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'সিপেট জয়েন্ট এন্ট্রান্স এক্সাম-২০২২'। এটি ভারত সরকারের রসায়ন ও পেট্রোরসায়ন বিভাগের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। কোর্সগুলি শুরু হবে অগস্টে।

কোর্সের বিবরণ: ডিপ্লোমা কোর্স: **প্লাস্টিক্স টেকনোলজি, প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি:** শিক্ষাগত যোগ্যতা: উভয় কোর্সের ক্ষেত্রেই অন্তত মাধ্যমিক। এ বছরের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। কোর্সের মেয়াদ: ৩ বছর।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স প্রসেসিং অ্যান্ড টেস্টিং:** শিক্ষাগত যোগ্যতা: বি এসসি। চূড়ান্ত বর্ষের পরীক্ষার্থীরাও আবেদন করতে পারেন। কোর্সের মেয়াদ: দেড় বছর।

**পোস্ট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড ডিজাইন (ক্যাড/ক্যাম-সহ):** শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, প্লাস্টিক্স, পলিমার, টুল, প্রোডাকশন, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, মেকট্রনিক্স, টুল অ্যান্ড ডাই মেকিং, পেট্রোকেমিক্যালস, ইন্ডাস্ট্রিয়াল, ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি— যে-কোনও একটিতে তিন বছরের ডিপ্লোমা। অথবা সিপেট থেকে প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি বা প্লাস্টিক্স টেকনোলজিতে তিন বছরের ডিপ্লোমা। এ বছর যাঁরা পরীক্ষা দিয়েছেন, তাঁরাও আবেদনের যোগ্য। কোর্সের মেয়াদ: দেড় বছর।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**কোর্স ফি:** সেমেস্টার-পিছু পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং পোস্ট-ডিপ্লোমার ক্ষেত্রে ২০,০০০ টাকা এবং ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে ১৬,৭০০ টাকা। হস্টেল ফি অতিরিক্ত। প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৯ জুন। পরীক্ষা নেওয়া হবে দেশের বিভিন্ন বড় শহরগুলিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://eadmission.cepet.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ৫ জুন। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জেপেগ বা জে পি জি বা পি এন জি ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০ থেকে ৬০ কেবি সাইজের মধ্যে), সই (১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ক্রেডিট বা ডেবিট কার্ড বা ইউ পি আই বা মোবাইল ওয়ালেট অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.cipet.gov.in

# আর্বান গার্ডেনিং: পরিবেশ রক্ষা ও উপার্জন পাশাপাশি

*প্রথম পাতার পর*

## নার্সারির ব্যবসা: কতগুলো বিষয় মাথায় রাখুন

নার্সারির কাজই গাছ নিয়ে। অতএব, গাছ সম্পর্কে যথাযথ জ্ঞান থাকতেই হবে। সহজে আলো-বাতাস প্রবেশ করতে পারে এমন জায়গাতেই নার্সারি হওয়া উচিত। সেই সঙ্গে নার্সারিটি উঁচু জায়গায় হওয়া দরকার, যাতে বৃষ্টির জল কখনওই জমতে না পারে। সেইসঙ্গে অন্য জমির মালিকদের সঙ্গে বিবাদ এড়াতে এবং পশুর উপদ্রব থেকে চারা ও কলমকে রক্ষা করার জন্য নার্সারির চার দিকে বেড়া বা পাঁচিল দিতে হবে। নার্সারিতে মরসুমি ফুল-ফল-সবজি, মশলার বীজ, চারাগাছ এবং কলমের চারা যেমন রাখতে হবে, তেমনই বাগান তৈরির জন্য ব্যবহৃত বিভিন্ন সরঞ্জাম যেমন, কোদাল, গার্ডেন ফর্ক, বার্ডিং নাইফ, প্রুনিং শিয়ার, করাত, হেজ কাটার, প্যাকেট-সার, ওয়াটারিং ক্যান ইত্যাদিও রাখতে হবে।

আরও একটি গুরুত্বপূর্ণ বিষয় হল, নার্সারি এমন জায়গায় হওয়া উচিত যাতে সহজেই সেটি সকলের নজরে আসে, আসা-যাওয়ার পথে লোকে দেখতে পায়। যদি সেটা সম্ভব না হয়, সে ক্ষেত্রে বাজারে ফুলের দোকান, দশকর্মার দোকান বা বাগান তৈরির জিনিসপত্র পাওয়া যায় এমন সব জায়গায় নার্সারির নাম-ঠিকানা, ফোন নম্বর দিয়ে রাখতে হবে। আরও ভালো হয় বেশ কিছু ছবি দিয়ে একটা পোস্টার তৈরি করতে পারলে। নার্সারির একটি সুন্দর নামকরণ করে সুবিধামতো জায়গায় আকর্ষণীয় একটি সাইনবোর্ড রাখতে পারলেও তাতে অনেকখানি প্রচার হবে।

## শখের জন্য শেখা, উপার্জনের দিশাও দেখাবে

**সৌরভ ঘোষ**
ইউনিট লিডার, ডিআরসিএসসি

প্রতিনিয়ত আমরা রাসায়নিক সার দেওয়া আনাজ ও ফল খাচ্ছি, যা শরীরের পক্ষে মোটেই ভালো নয়। নিজের বাড়িতে বাগান থাকলে একেবারে তরতাজা, স্বাস্থ্যকর আনাজপাতি পাবেন। পাশাপাশি অতিরিক্ত আনাজ বিক্রি করেও উপার্জন করতে পারবেন।

ডি আর সি এস সি-তে আমরা শেখাই কী ভাবে রাসায়নিক সার, কীটনাশক বর্জন করে চাষ করতে হবে। একে সাধারণত আমরা জৈব বা অর্গ্যানিক পদ্ধতিতে চাষ বলে থাকি। তবে অর্গ্যানিক ফার্মিংয়ের চেয়ে বেশি জোর দেব ন্যাচারাল কথাটার উপর। অনেক সময় জৈব পদ্ধতিতে চাষ করতে গিয়ে অনেকেই অজ্ঞতাবশত এমন কিছু সার প্রয়োগ করেন যা আদৌ জৈব নয়। আমরা সেই ভুলগুলো ধরিয়ে দিয়ে এখানে শেখাই, সম্পূর্ণ প্রাকৃতিক নিয়মে কী ভাবে গাছ বড় হবে, ফল-ফুল ধরবে। সাধারণত শহরের বাড়ির ছাদে কী ভাবে বিভিন্ন আনাজপাতির চাষ করা যেতে পারে সেটাই শেখানো হয়। একে বলে আর্বান ফুড গার্ডেনিং। তবে নিজের জমি থাকলে সেখানেও কিন্তু এই পদ্ধতিতেই চাষ করতে পারবেন। এই কোর্সে শেখানো হয় গাছের জন্য মাটি কী ভাবে তৈরি করতে হবে, মাটির উর্বরতা কী ভাবে বৃদ্ধি করা যায়, বীজ বা চারাগাছ বা কলম থেকে কী ভাবে গাছ তৈরি করা যায়। শহরে জলের সমস্যা নেই, কিন্তু বেশি জলে গাছ নষ্ট হয়ে যায়। তাই কতটা জল ব্যবহার করতে হবে তাও এই কোর্সে শিখতে পারবেন।

শুধুমাত্র শখের জন্য শেখা নয়, এই কাজ উপার্জনের দিশা দেখায়। আমাদের কাছে অনেকের ফোন আসে, যাঁরা আর্বান গার্ডেনিং করতে চান বাড়ির ছাদে, তার জন্য উপযুক্ত লোকের খোঁজ করছেন। আমরা এখান থেকে আমাদের প্রশিক্ষিত শিক্ষার্থীদের পাঠাই। এতে তাঁদের উপার্জন হয়, অভিজ্ঞতাও বাড়ে। পর্যাপ্ত জায়গা এবং পুঁজি থাকলে আমাদের সংস্থায় প্রশিক্ষণ নেওয়ার পর নিজে নার্সারির ব্যবসাও করতে পারেন।

কলকাতার বাইরেও পুরুলিয়া, মুর্শিদাবাদ, বাঁকুড়া, বীরভূমে আমাদের সংস্থার শাখা আছে। সেখানেও এই ধরনের কোর্স করানো হয়।

## সমাজসেবা ও উপার্জন দুই-ই করতে পারছি

**অনুরাধা নাথ**
ডিআরসিএসসি-এর প্রাক্তন ছাত্রী

আমি গৃহবধূ। ইচ্ছে ছিল বাড়ির বাড়তি জমিতে বাগান করার। সেই ইচ্ছে থেকে ডি আর সি এস সি-র সঙ্গে যোগাযোগ করি ও কোর্স করি। এখানে হাতে-কলমে কাজ শেখানো হয়। নিজের বাড়িতে আনাজ ফলানোর পাশাপাশি এই জ্ঞান আমাকে উপার্জনের পথও করে দিয়েছে। এছাড়া বাড়ির ছাদে বা বাগানে আর্বান ফুড গার্ডেনিংয়ের পরিকাঠামো নির্মাণ ও তার তদারকির যাবতীয় কাজ করে থাকি। বর্তমানে 'অঞ্জলি' নামে একটি স্বেচ্ছাসেবী সংস্থার সঙ্গে কাজ করছি বালিগঞ্জের লুম্বিনি হাসপাতালে। সেখানে বিভিন্ন বয়সের বিশেষ ভাবে সক্ষম মানুষদের গার্ডেন থেরাপির মাধ্যমে ভালো রাখার চেষ্টা করা হচ্ছে। সে কাজে সামিল হতে পেরে ভালো লাগছে। আমি এঁদের আর্বান গার্ডেনিং শেখাই। এ কাজ শিখে তাঁরা শুধু নিজেরাই অনেক ভালো আছেন তাই নয়, উপার্জনের দিশা খুঁজে পাচ্ছেন। প্রতিবন্ধকতা আর তাঁদের জীবনে অন্তরায় হচ্ছে না। আমার তৃপ্তি এটাতেই যে, নিজে যেমন আর্বান গার্ডেনিং শিখে উপার্জন করছি, তেমনই সমাজসেবার ও পরিবেশ রক্ষার কাজে অংশ নিতে পারছি। স্কুলের বাচ্চাদেরও গাছ সম্পর্কে ধারণা দেওয়ার জন্য বা হাতে-কলমে কাজ শেখানোর জন্য অনেক সময় আমার ডাক পড়ে।

(আর্বান গার্ডেনিংয়ের পরিকাঠামো তৈরি করার বা বিনামূল্যে পরামর্শের জন্য অনুরাধা নাথের সঙ্গে যোগাযোগ করতে পারেন। ফোন- ৮৯১০১-২৬২৯৫।)

## প্রশিক্ষণ নেওয়ার পর গাছের যত্ন আরও ভালো ভাবে করতে পারছি

**কানু সামন্ত**
ডিআরসিএসসি-এর প্রাক্তন ছাত্র

ছোট থেকেই গাছপালা ভালোবাসতাম। এই ভালোবাসাটা বেড়ে যায় অতিমারির সময়। তখন বাইরে যেহেতু যেতে পারতাম না তাই বাগান নিয়েই আমার স্ত্রী শর্মিলা ও আমি বেশি সময় কাটাতাম। এমনকী খাবার কেনার জন্য বাইরে যেতে না পারলেও অসুবিধা হত না, সে সময় নিজেদের ছাদ-বাগানের বেগুন, শাক, লঙ্কা ইত্যাদি রাসায়নিক মুক্ত শাকসবজি খেতাম। বাগানের ব্যাপারে আমার মতো সমান উৎসাহ আমার স্ত্রীরও। তিনি বটানি নিয়ে পড়াশোনা করায় গাছ সম্পর্কে তাঁর বিশেষ জ্ঞান আছে। আমরা দুজনেই ডি আর সি এস সি থেকে আর্বান গার্ডেনিং-এর কোর্স করেছি। গাছপালা সম্পর্কে বা বাগান করা সম্পর্কে আমাদের জ্ঞান ছিল, কিন্তু এখানে প্রশিক্ষণ নেওয়ার ফলে তা আরও সমৃদ্ধ হল। জানতে পারলাম কী করে রাসায়নিক কীটনাশক ছাড়া একেবারে ঘরের জিনিস দিয়ে গাছ রোগমুক্ত ও পোকার আক্রমণ থেকে মুক্ত করা যায়। যেমন আমরা প্রতিদিনের ব্যবহৃত সবজির খোসা ফেলি না। সেখান থেকেই জৈব সার তৈরি হয়ে যায়। অনেকেই তাঁদের বাড়িতে এ ধরনের বাগানের পরিকাঠামো তৈরি করে দিতে বলেন, গাছের সমস্যায় প্রতিকার চান। সেক্ষেত্রে ডি আর সি এস সি থেকে আমার সঙ্গে যোগাযোগ করে। আমি অনেক দূরের জায়গাতেও চলে গিয়েছি বাগান করার ব্যাপারে সাহায্য করার জন্য। নিজেরাও প্রতিদিন সকালে উঠে আগে ছাদ-বাগান পর্যবেক্ষণ করি। কোনও গাছে কোনও সমস্যা হল কিনা দেখে নিই। কারণ সমস্যা বেড়ে যাওয়ার আগে তার প্রতিকার করতে হবে।

(আর্বান গার্ডেনিং-এর পরিকাঠামো তৈরি করার বা বিনামূল্যে পরামর্শের জন্য কানু সামন্তর সঙ্গে যোগাযোগ করতে পারেন। ফোন-৯৪৩২১-৪০৯৫১।)

# ১৯৪ শিক্ষক-শিক্ষিকা ও লাইব্রেরিয়ান

*প্রথম পাতার পর*

প্রাইমারি ট্রেইন্ড টিচার: ৭০টি।

প্রাইমারি ট্রেইন্ড টিচার (মিউজিক): ৫টি।

প্রিপারেটরি টিচার: ৬টি।

বেতন: লেভেল ৬-এর সেল-১ অনুসারে।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, আর্থিক ভাবে অনগ্রসর এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং স্কিল টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aees.gov.in দরখাস্তের শেষ তারিখ ১২ জুন।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।





NTPC Limited is India's largest integrated energy company with installed capacity of 68,961 MW and has presence in the entire value chain of the power generation business. Commensurate with our country's growth challenges, NTPC has embarked upon an ambitious plan to attain a total installed capacity of 130 GW by 2032.

| Name of Post | Qualification |
|---|---|
| Assistant Officer (Environment Management) | Graduate Engineering Degree in Environment with at least 60% marks OR Graduate with at least 60% marks will full time PG Degree / PG Diploma/M.Sc. / M.Tech. in Environment Engineering / Environment Science / Environmental Management with at least 60% marks from a recognized University / Institution. |
| No. of Posts: 10 | |

**Level/Pay Scale for Recruitment:** E0 grade / IDA (₹ 30,000 – ₹ 1,20,000)

**How to Apply:** Visit our website **careers.ntpc.co.in** or visit careers section at **www.ntpc.co.in** for viewing detailed eligibility criteria, required qualification, upper age limit, reservation and relaxation, full text of the advertisement and for applying. Only online mode of application will be accepted. **The online application portal will remain open for the period from 20.05.2022 to 03.06.2022.** Any further addendum/corrigendum/ updates will only be published on our website.

এনটিপিসি NTPC **NTPC Limited** (A Govt. of India Enterprise) Leading the Power Sector | Regd. Off.: NTPC Bhawan, Core-7, SCOPE Complex, 7 Institutional Area, Lodhi Road, New Delhi - 110003 CIN: L40101DL1975GOI007966 • www.ntpc.co.in

Advt. No. 12/22

Follow us on: ntpc1 ntpcltd1 ntpclimited /company/ntpc ntpclimited ntpc_limited


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in